# সঙ্গীত ভাবনা

ইষ্টার্ণ পাবলিশার্স
কলিকাতা ৯

প্রথম মুদ্রণ ১৩৬২

প্রকাশক শ্রীযতীন্দ্রনাথ রায়
ইষ্টার্ণ পাবলিশার্স
৮-সি রমানাথ মজুমদার ষ্ট্রীট কলিকাতা ৯

মুদ্রাকর শ্রীঅবনীকুমার দাস
লক্ষ্মীশ্রী মুদ্রণ-শিল্প
৪৫ আমহার্ষ্ট ষ্ট্রীট কলিকাতা ৯

প্রাচীন গুরুকুল পদ্ধতিকে অতিক্রম করে ভারতীয় সঙ্গীত বিদ্যা আজ সুদুর প্রসারিত। ভারতীয় সঙ্গীতের প্রচার ও প্রসার আজ আর আমাদের দেশের গণ্ডীর মধ্যে সীমাবদ্ধ নয়। প্রাচ্য ও প্রতীচ্যের সর্বত্র ভারতীয় সঙ্গীত আজ পরিবেশিত হচ্ছে।

আমাদের দেশের শিক্ষা-বিভাগ সঙ্গীত বিদ্যাটিকে অন্যান্য বিদ্যার সঙ্গে একই মর্যাদায় স্থাপন করেছেন। সঙ্গীত বিদ্যা শুধুমাত্র কলা নয়, বিজ্ঞানও বটে। তাই শিক্ষাবিভাগের কলা ও বিজ্ঞান, উভয় ঘরেই সঙ্গীতের অবস্থান। শিক্ষার মাধ্যমিক স্তর থেকে শুরু করে উচ্চতর শিক্ষার ক্ষেত্রেও সঙ্গীত একটি পঠনীয় বিষয় রূপে গণ্য হয়েছে।

প্রকৃত জ্ঞানী সমাজ স্বীকার করেন যে, ভারতীয় প্রাচীনতর ঐতিহ্যবাহী সম্পদ হলো সঙ্গীত—যা ভারতীয় সাহিত্য ও দর্শনের মূল। এই সঙ্গীতের দুটি দিক —প্রত্যক্ষ ও পরোক্ষ। প্রত্যক্ষ দিকে পড়ে ক্রিয়া ও বিজ্ঞান। পরোক্ষ দিকের অন্তর্গত, দর্শন, ঐতিহ্য এবং মনোবিজ্ঞান। সেই বিষয়টিই, বিদ্যা বলে নির্বাচিত হয় যা একটি শিশুকে বণিক শিক্ষায় শিক্ষিত করে না, তাকে মানব শিক্ষায় শিক্ষিত করে তোলে। সঙ্গীত বিষয়টি এর ব্যতিক্রম নয়। ভারতীয় শিল্প হলো লোক-শিক্ষার প্রধান অঙ্গ—যা মানুষকে সংকীর্ণ গণ্ডী থেকে মুক্তি দিয়ে বিশ্ব প্রেমের সীমাহীন ব্যাপ্তি লোকের পথ দেখায়। মানুষ সন্ধান পায় তুচ্ছের মধ্যে পরমের, সামান্যের মধ্যে অসামান্যের, স্থূলের মধ্যে সূক্ষ্মের।

কিন্তু ব্যক্তিগত অভিজ্ঞতায় বলছি, শিক্ষা বিভাগের মহানুভবতার ফলে, সঙ্গীত বিষয়টির আবির্ভাবে শিক্ষা-প্রতিষ্ঠানগুলি শিক্ষা গেল, শিক্ষা গেল রবে মুখর। কারণ মুষ্টিমেয় ডিগ্রিধারী মানুষ সঙ্গীত বিষয়টিকে একটি বিদ্যা বলে বুঝতে শেখেননি। সঙ্গীত কলা বিদ্যায় তাদের রুচি, অভিজ্ঞতা, প্রেম না থাকাটা যে অশিক্ষারই পরিচয়, এই বোধটুকুও তাদের নেই।

মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক শিক্ষার্থীদের পাঠক্রম অনুসারে তেমন কোন গ্রন্থ দৃষ্টিগোচর হয় না, যার মাধ্যমে শিক্ষার্থীগণ সঙ্গীতবিদ্যার প্রাথমিক ধাপ সম্পর্কে অবহিত হতে পারে। তাদের এই অসুবিধা দূর করাই আমার এই গ্রন্থ রচনার

প্রকৃত উদ্দেশ্য। বিভিন্ন গ্রন্থ থেকে তথ্য সংগ্রহ করে শিক্ষার্থীদের সাহায্য করবার চেষ্টা করেছি। গ্রন্থটির উপপত্তিক এবং ব্যবহারিক বিষয় দুটির আলোচনা থেকে শিক্ষার্থীগণ সঙ্গীত বিদ্যা সম্বন্ধে আগ্রহী এবং চিন্তিত হবে। বর্তমানের উৎসাহ তাদের ভবিষ্যৎ জীবনকে সঙ্গীতপ্রেমী করে তুলবে।

এ বিষয়ে শিক্ষার্থীগণকেও সক্রিয় হতে হবে। অনুশীলনের দ্বারা বিচার করতে হবে। শুধুমাত্র পড়া মুখস্থর গুঞ্জনধ্বনিতে মুখরিত হয়ে ডিগ্রীলাভের চিন্তায় মগ্ন না হয়ে জ্ঞানী শিক্ষক-শিক্ষিকার কাছে বিভিন্ন প্রশ্ন করে সঠিক চিন্তায় পৌঁছতে হবে। আমি আশা করি, আজকের শিক্ষার্থীই আগামীদিনে মানুষের কাছে পৌঁছে দেবে সঙ্গীতকলা বিদ্যার গুরুত্বের বাণী।

মাত্র কয়েক মাসের মধ্যে এই গ্রন্থটি প্রকাশিত হলো। গ্রন্থে যদি কোন ত্রুটি থাকে তা সংশোধনের দায়িত্ব আমার। গ্রন্থটি দ্বারা শিক্ষার্থীগণ যদি কিছুমাত্র উপকার পায়, তবে সেখানেই নিজের কর্ম প্রচেষ্টার সার্থকতা খুঁজে পাবো। পরবর্তী সংস্করণে গ্রন্থটিকে পরিবর্ধিত করবার ইচ্ছা রইলো।

পরিশেষে, এই গ্রন্থ রচনায় যাঁরা আমাকে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সাহায্য করেছেন, তাদের প্রত্যেকের উদ্দেশ্যে রইল আমার বিনম্র কৃতজ্ঞতা।

# প্রথম অধ্যায় (ঔপপত্তিক)


**সংজ্ঞা :** ১১-১৯

নাদ, স্বর, গ্রাম, শ্রুতি, বিবাদীস্বর, মূর্চ্ছনা, ঠাট, লয়, সপ্তক, বাদীস্বর, সমবাদীস্বর, অনুবাদীস্বর, বর্ণ নাদ, মীড়, গমক, পূর্বাঙ্গ, উত্তরাঙ্গ, অলঙ্কার, শ্রুতি, রাগ, পকড়, সন্ধিপ্রকাশরাগ, সঙ্গীত।

**রাগ পরিচয় :** ১৯-২৬

কেদার, মালকৌস, বাগেশ্রী, বৃন্দবনী সারং, আসাবরী, ভৈরবী, দেস, খমাজ, কাফী, ভৈরব, ভুপালী, পূর্বী, মুলতানী, বিহাগ, বিলাবল, ইমন, ইমনকল্যাণ, বহার।

**বাদ্যযন্ত্র :** ২৭-৩২

তানপুরা, তবলা-বাঁয়া, এস্‌রাজ।

**তাল-পরিচয় :**

(ক) **হিন্দুস্থানী তাল** ৩৩-৩৫

চৌতাল, সুরফাঁক, ঝাঁপতাল, তেওড়া, একতাল, ত্রিতাল, কাহারবা, দাদরা।

(খ) **কীর্তনাঙ্গ তাল :** ৩৫-৩৭

লোফা, ঝাঁপতাল, ছোট দশকোষী, তেওট।

(গ) **রবীন্দ্র সৃষ্ট তাল :** ৩৭-৩৮

রূপকড়া, নবতাল, ষষ্ঠীতাল, নবপঞ্চতাল, অর্ধঝাপ, ঝম্পক।

**বাংলাসঙ্গীত পরিচিতি :** ৩৯-৪২

(ক) কীর্তন, (খ) বাউল।

**সঙ্গীতগুণীদের জীবনী এবং সঙ্গীত প্রসঙ্গে :** ৪৪-৬৫

মিঞা তানসেন, পণ্ডিত বিষ্ণু নারায়ণ ভাতখণ্ডে, সদারঙ্গ, কাজী নজরুল ইস্‌লাম, অতুলপ্রসাদ সেন, কবি জয়দেব, রবীন্দ্রনাথ ঠাকুর, বাল্যজীবনে সাঙ্গীতিক পরিবেশে রবীন্দ্রনাথ, রবীন্দ্রসঙ্গীতে হিন্দুস্থানী সঙ্গীতের প্রভাব, রবীন্দ্রসঙ্গীতে বাউলগানের প্রভাব, রবীন্দ্রসঙ্গীতে কীর্তন গানের প্রভাব।

## দ্বিতীয় অধ্যায় (ব্যবহারিক)

(১) **অলংকার সাধন** : ৬৬-৬৮

(২) **স্বরলিপি পরিচয়** : ৬৮-৭০

দণ্ডমাত্রিক স্বরলিপি পদ্ধতি, ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি, আকারমাত্রিক স্বরলিপি পদ্ধতি।

(৩) **স্বরলিপি** :

(ক) **হিন্দুস্থানী সঙ্গীত** ৭১-১০৭

রাগ বিহাগ / ত্রিতাল —৭১

" কেদার / একতাল (বিলম্বিত) ত্রিতাল —৭৩

" ভূপালী / তেওড়া / চৌতাল —৭৫

" বৃন্দাবনী সারং / ত্রিতাল —৮০

" কাফী / ত্রিতাল —৮১

" দেস / ত্রিতাল —৮২

" পূর্বী / ত্রিতাল —৮৫

" ভৈরবী / ঝাঁপতাল —৮৬

" আসাবরী / ত্রিতাল —৮৮

" বিলাবল / ত্রিতাল —৮৯

" ইমন / ত্রিতাল —৯১

" বাগেশ্রী / ত্রিতাল —৯৩

” ভৈরব / সুরফাঁক —৯৪
” মালকৌস / একতাল (বিলম্বিত) —৯৬
” বহার / ” ” / ত্রিতাল —৯৭
” ইমন-কল্যাণ / একতাল (বিলম্বিত) / ত্রিতাল -১০০
” মূলতানী / ” ” / ত্রিতাল —১০৪
” খমাজ / ত্রিতাল —১০৬

(খ) **স্বরবিস্তার ও তান —** ১০৮-১১৭

ভৈরবী, আসাবরী, খমাজ, দেস, ভূপালী, ভৈরব, বাগেশ্রী, মালকৌস, বিহাগ, ইমন, বিলাবল, পূর্বী, কাফী।

(গ) **রবীন্দ্রসঙ্গীত** :

আমার মল্লিকাবনে —১১৮
গহন কুসুম কুঞ্জমাঝে —১২১
আমার দোসর যে জন —১২৪
মোরে বারে বারে —১২৮
কেন সারাদিন —১২৯
তোমার যা বলো —১৩২
আমার মুক্তি আলোয় —১৩৫
পুরানো সেই দিনের —১৩৮
বাণী তব ধায় —১৪০
জনগন মন —১৪১
নিবিড় আমা তিমির হতে —১৫৪
নিবিড় ঘন আঁধারে —১৫৭
শুভ কর্মপথে —১৫৯
পাখি বলে চাঁপা —১৬৩
শ্যামল ছায়া —১৬৭
অগ্নিশিখা এসো —১৭১
সীমার মাঝে অসীম —১৭৪

**বন্দে মাতরম—১৭৭**

(ঘ) **অতুলপ্রসাদী** : আইল আজি বসন্ত —১৮১

(ঙ) **রজনীকান্তের গান** : মধুর সে মুখখানি —১৮৩

(চ) **নজরুল গীতি** : আমি পথমঞ্জরী — ১৮৬

(ছ) **দ্বিজেন্দ্রগীতি** : ধন ধান্য পুষ্প ভরা —১৮৮

(জ) **বাউল** : লোকে বলে বলে রে —১৯১

(ঝ) **ভাটিয়ালি** : সুজন মাঝি রে —১৯৪

(ঞ) **ভজন** : চলমন গঙ্গা যমুনা —১৯৮

(ট ) **কীর্তন** : ... ২০০
কালিয়ার রূপ মরমে —
তরু অবলম্বন কে —

(ঠ) **পুরানো দিনের বাংলা গান** : আহা গো সোনার পদ্ম — ২১১

# প্রথম অধ্যায়

## সংজ্ঞা

### গ্রাম

'গ্রাম' শব্দের ব্যাকরণগত অর্থ হলো, গ্রস্ ধাতু + মন্ প্রত্যয়। গ্রস্ ধাতু বলতে গ্রাস্ বা দখল করা বোঝায়। তাই, জনসমষ্টির বসতিকে যেমন গ্রাম বলে, তেমন **নির্দিষ্ট সম্পর্কযুক্ত বিভিন্ন স্বর যখন একসঙ্গে অবস্থান করে তখন তাদেরও গ্রাম** বলা হয়। ভারতীয় সঙ্গীতে ব্যবহৃত সা, রে, গ, ম, প, ধ, নি এই সাতটি স্বর পরস্পর সম্পর্কযুক্ত। এই স্বরগুলিকে **গ্রাম** বলা হয়। গ্রামকে তিনভাগে ভাগ করা হয়েছে। যেমন—

ক) ***ষড়্জ-গ্রাম***—এই গ্রামে 'সা' স্বরটি হলো প্রধান স্বর। অন্যান্য স্বরগুলি এই সা-এর সঙ্গে নির্দিষ্ট অনুপাতে অবস্থান করে। এই গ্রামটি মর্তলোকের মানুষের জন্য নির্দিষ্ট ছিল।

খ) ***মধ্যম গ্রাম***—এই গ্রামে 'ম' স্বরটিকে প্রধান মনে করা হয়। এক্ষেত্রে 'ম' স্বরটি 'সা' হয়ে যাচ্ছে। অন্যান্য স্বরগুলি 'ম' স্বরের সঙ্গেই নির্দিষ্ট থাকে। অন্তরীক্ষবাসী যক্ষদের নিজস্ব গ্রাম হলো এই মধ্যম-গ্রাম।

গ) ***গান্ধার-গ্রাম***—এই গ্রামে 'গ' স্বরটি হলো প্রধান স্বর। স্বর্গবাসী গন্ধর্বদের জন্য গান্ধার গ্রাম নির্দিষ্ট ছিল।

### মূর্চ্ছনা

ভারতীয় সঙ্গীতে সাতটি শুদ্ধ স্বর ব্যবহৃত হয়। যথা—সা, রে, গ, ম, প, ধ, নি। **এই স্বরগুলির এক একটিকে প্রথম স্বর ধরে আরোহন অবরোহণ করলে মূর্চ্ছনার**

**সৃষ্টি হয়।** এইভাবে আমরা ৭টি স্বরের ৭টি মূর্ছনা পাই। আমরা জানি সঙ্গীতে গ্রাম ৩টি। এই গ্রামগুলির ভিত্তিতে মূর্ছনার সৃষ্টি হয়। যেমন—

ষড়্জ-গ্রামীয় মূর্ছনা—৭টি

মধ্যম-গ্রামীয় মূর্ছনা—৭টি

গান্ধার-গ্রামীয় মূর্ছনা—৭টি

সুতরাং প্রতি গ্রামে ৭টি মূর্ছনা পাওয়া গেলে, মোট মূর্ছনা হয় ৩ x৭ =২১টি। এই ২১টি মূর্ছনাকে শুদ্ধ মূর্ছনা বলা হয়। প্রাচীনকালে রাগ পরিচয়ে মূর্ছনার প্রয়োজন হতো। কিন্তু বর্তমানে সেখানে ঠাটের উল্লেখ করা হয়।

## ঠাট

শাস্ত্রীয় সঙ্গীতে রাগের স্বরূপ জানার জন্য রাগ-রাগিনীগুলিকে ঠাটের অন্তর্গত করা হয়েছে। প্রত্যেকটি রাগই যে কোন একটি ঠাট থেকে উৎপন্ন হয়েছে বলে মনে করা হয়। **ঠাট বলতে বোঝায় ৭টি স্বরের ক্রমিক অবস্থান এবং নির্দিষ্ট একটি কাঠামো।** ঠাটে শুধুমাত্র আরোহণ থাকে। হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতিতে ঠাটে কখনও একই স্বরের দুটি রূপ (অর্থাৎ শুদ্ধ ও বিকৃত রূপ) ব্যবহৃত হয় না। কিন্তু দক্ষিণ ভারতীয় সঙ্গীত পদ্ধতিতে শুদ্ধ ও বিকৃত দুটি রূপই পাওয়া যায়। রাগে রঞ্জকতা, কম্পন, গমক, প্রভৃতি ব্যবহৃত হয়। ঠাটে এগুলি থাকে না। শুদ্ধ ও বিকৃত মিলিয়ে ঠাটে মোট ১২টি স্বর থাকে। স্বরগুলি ক্রমান্বয়ে সাজানো থাকে। হিন্দুস্থানী সঙ্গীতে মোট ১০টি ঠাট প্রচলিত আছে। দক্ষিণ ভারতীয় সঙ্গীত পদ্ধতিতে মোট ৭২টি জনক ঠাট বা জনক মেলের রাগ-রাগিনীগুলি পরিবেশিত হয়।

## স্বর

'স্বর' শব্দের আভিধানিক ব্যাখ্যা হলো স্ব + রাজ্‌ধাতু + অচ্‌প্রত্যয়। 'স্ব' শব্দ বলতে স্বন্‌ধাতু + অচ্ প্রত্যয় বোঝায়। 'স্বন্' শব্দের অর্থ ধ্বনি। 'রাজ' ধাতুর অর্থ প্রকাশিত হওয়া। **তাই, সঙ্গীতের উপযোগী শ্রুতিমধুর যে ধ্বনি প্রকাশিত হয় তা স্বর** নামে অভিহিত। স্বর দুই প্রকার। যথা :—

(ক) ***প্রাকৃত বা শুদ্ধ স্বর***—শুদ্ধ স্বর মোট ৭টি। যে স্বরগুলি পুষ্ট, সেগুলিকে প্রাকৃত বা শুদ্ধ স্বর বলা হয়। যেমন—সা, রে, গ, ম, প, ধ, নি।

(খ) ***বিকৃত বা কোমল স্বর***—কোমল স্বর মোট ৫টি। যে স্বরগুলি দুর্বল, সেই স্বরগুলিকে বিকৃত বা কোমল স্বর বলা হয়। এই স্বরগুলিকে ভাতখণ্ডেজীর স্বরলিপি পদ্ধতি অনুসারে স্বরের নীচে ও উপরে চিহ্ন দেওয়া হয়। যেমন—রে (কোমল ঋষভ) গ (কোমল গান্ধার) র্ম (কড়ি বা তীব্র মধ্যম) ইত্যাদি।

**লয়**

যে কোনো তালের মধ্যেই একটি গতি থাকে। এই গতির সাহায্যেই তালটি সম্পূর্ণ হয়। **তালের এই গতিকেই লয়** বলা হয়। সঙ্গীতে তিন প্রকার লয় ব্যবহৃত হয়। যথা :—

(ক) দ্রুত লয়। (খ) মধ্যলয় (গ) বিলম্বিত লয়।

লয়ের স্বাভাবিক গতিকে মধ্যলয় বলে। এই স্বাভাবিক গতিকে দ্বিগুণ করলে সেই গতিকে দ্রুত লয় বলা হয়। আবার অর্ধেক গতিকে বলা হয় বিলম্বিত লয়।

**সপ্তক**

প্রাকৃত বা শুদ্ধ স্বর ৭টি। এই **৭টি স্বরের সমাবেশকেই সপ্তক** বলা হয়। ভারতীয় সঙ্গীতে এই সপ্তককে তিনভাগে ভাগ করা হয়েছে। যেমন :—

***মন্দ্র বা খাদ সপ্তক***—স্বরের নীচে (.) চিহ্ন দিয়ে এই সপ্তককে নির্দিষ্ট করা হয়। যেমন—রে়, গ়, ম়, প়, ধ়, নি়।

***মধ্য বা মূল সপ্তক***—এই সপ্তকের স্বরগুলিতে কোন চিহ্ন ব্যবহৃত হয় না। যেমন—সা, রে, গ, ম, প, ধ, নি।

***তার বা চড়া সপ্তক***—স্বরের মাথায় (.) চিহ্ন দিয়ে এই সপ্তককে বোঝান হয়। যেমন—

র্সা, র্রে, র্গ, র্ম, র্প, র্ধ, র্নি।

## বাদীস্বর

**রাগের প্রধান স্বরটিকে বাদীস্বর** বলা হয়। এখানে প্রধান বলতে বোঝায়, রাগে ব্যবহৃত অন্য স্বরগুলির মধ্যে যে স্বরটি বেশী ব্যবহৃত হয়। এই বাদীস্বরের উপরই রাগের রূপ ও রস নির্ভর করে। বাদী শব্দের ব্যুৎপত্তি হলো—'বদ্' ধাতু + 'ইন্' প্রত্যয়। 'বদ্' ধাতু বলতে বোঝায় 'বলা'। এই অর্থেই রাগে বেশী ব্যবহৃত স্বরকে **বাদীস্বর** বলা হয়।

## সমবাদী স্বর

রাগে ব্যবহৃত অন্য স্বর থেকে বেশী অথচ **বাদীস্বর থেকে কম ব্যবহৃত স্বরটিকে সমবাদী স্বর** বলা হয়। সমবাদী শব্দের ব্যুৎপত্তি হলো, 'সম্' + 'বদ্' ধাতু + 'ইন' প্রত্যয়। 'সম্' শব্দ বলতে বোঝায় সামঞ্জস্যপূর্ণ। অর্থাৎ বাদীস্বরের তুল্য সামঞ্জস্যপূর্ণ। তাই, বাদীস্বরের পরেই সমবাদী স্বরের স্থান।

## বিবাদী স্বর

'বি' শব্দের অর্থ 'বিরোধ' এবং বাদী শব্দের অর্থ 'বলা'। তাই যে স্বর রাগে ব্যবহৃত **বাদীস্বরের বিরোধিতা করে তাকে বিবাদী স্বর** বলে। বিবাদী স্বর রাগে ব্যবহৃত হয়, কিন্তু কোনভাবেই বাদী, সমবাদী স্বরের প্রাধান্য নষ্ট করতে পারে না। বাদীস্বরের উপর নির্ভর করে বিবাদী স্বর স্থির করা হয়। সাধারণতঃ বাদীস্বরের ২ শ্রুতি আগের বা পরের স্বরটিই বিবাদী স্বর হয়ে থাকে।

## অনুবাদী স্বর

ভারতীয় সঙ্গীতে অনু শব্দটি অধীন অর্থে ব্যবহৃত হয়। তাই, বাদী, সমবাদী, বিবাদী স্বর ব্যতীত রাগে ব্যবহৃত **অন্য স্বরগুলিকে অনুবাদী স্বর** বলা হয়। রাগের স্বরূপ প্রকাশের ক্ষেত্রে অনুবাদী স্বরের ভূমিকা যথেষ্ট গুরুত্বপূর্ণ।

## বর্ণ

**গানের ক্রিয়াকেই বর্ণ** বলা হয়। **বর্ণ ৪ প্রকার**। যেমন—

***স্থায়ীবর্ণ***—রাগে ব্যবহৃত কোন একটি স্বরকে বারবার প্রয়োগ করলে ঐ ক্রিয়াকে **স্থায়ীবর্ণ** বলে। যেমন—সাসাসা, রেরেরে, ইত্যাদি।

***আরোহী বর্ণ***—নীচের স্বর থেকে ক্রমানুসারে যদি উপরের স্বর প্রয়োগ করা হয় তবে তাকে **আরোহী বর্ণ** বলে। যেমন—সারেগ, রেগম ইত্যাদি।

***অবরোহী বর্ণ***—যখন কোন স্বর উপর থেকে ক্রমানুসারে নীচের দিকে নামে, তখন ঐ ক্রিয়াকে **অবরোহী বর্ণ** বলা হয়। যেমন—পম, মগ, গরে, ইত্যাদি।

***সঞ্চারী বর্ণ***—তিনটি বর্ণের মিশ্রণেই **সঞ্চারী বর্ণের** সৃষ্টি হয়। যেমন— সা সা সা, রে গ ম, পম, মগ, গরে ইত্যাদি।

## নাদ

**সঙ্গীতের উপযোগী শ্রুতিমধুর ধ্বনিকে নাদ** বলা হয়। সঙ্গীতশাস্ত্র অনুসারে 'ন'-এর অর্থ প্রাণ এবং 'দ'-এর অর্থ অগ্নি। ন এবং দ এই উভয় মিলে নাদের সৃষ্টি। নাদ ২ প্রকার। যেমন—

(ক) ***আহত নাদ***—কোন বস্তুকে আঘাত করলে যে সঙ্গীতোপযোগী শ্রুতিমধুর ধ্বনি সৃষ্টি হয় তাকে **আহত নাদ** বলে। যেমন—তানপুরা বা সেতারে আঘাত করলে আমরা যে সুরেলা ধ্বনি শুনতে পাই, তা আহত নাদ।

(খ) ***অনাহত নাদ***—আহত নাদের মত একই আঘাতে পরোক্ষভাবে যে ধ্বনি সৃষ্টি হয় তাকে **অনাহত নাদ** বলে। সাধারণতঃ উচ্চস্তরের সাধকগণই এই অনাহত নাদকে উপলব্ধি করতে পারেন।

## মীড়

**একস্বর থেকে অন্য স্বরে গড়িয়ে যাওয়াকে মীড়** বলে । ২টি স্বরের মধ্যবর্তী স্থানে কতকগুলি স্বর থাকে। রাগের আলাপে বা গানে ইচ্ছামত মীড় দেওয়া যায় না। এতে রাগভ্রষ্ট হবার সম্ভাবনা থাকে। এছাড়া, সঠিকভাবে মীড় প্রয়োগ না করলে তা শ্রুতিকটু হয়।

## গমক

**শ্রুতিমধুর স্বর কম্পনকে গমক** বলা হয়। সঙ্গীতশাস্ত্রে বিভিন্ন গমকের উল্লেখ পাওয়া যায়। যেমন—তিরিপ, কুরুল, আহত, প্লাবিত ইত্যাদি। গমক ব্যবহার করার সময় স্বর নিজের শ্রুতি থেকে সরে গিয়ে আবার সঠিক জায়গায় ফিরে আসে।

## পূর্ব্বাঙ্গ

সপ্তকের অঙ্গ ২টি। পূর্বাঙ্গ এবং উত্তরাঙ্গ। কোন রাগের বাদীস্বর যদি সা, রে, গ, এই তিনটির একটি স্বর হয় তবে, সেই রাগটিকে **পূর্বাঙ্গ** বা **পূর্বাঙ্গ প্রধান রাগ** বলা হয়। এই প্রকৃতি রাগের চলন উদারা ও মুদারা অর্থাৎ মন্দ্র ও মধ্য সপ্তকের মধ্যে বেশী হয়। উচ্চ সপ্তকের প্রাধান্য কম।

কোন রাগের বাদী স্বর যদি প, ধ, নি এই তিনটি স্বরের একটি হয়, তবে সেই রাগটিকে **উত্তরাঙ্গ বা উত্তরাঙ্গ প্রধান রাগ** বলা হয়। মধ্য এবং তার সপ্তকেই রাগের চলন প্রাধান্য পায়। মন্দ্র সপ্তকে রাগের স্বর সঞ্চালন সীমাবদ্ধ থাকে। সপ্তকের সাতটি স্বরকে ২টি অঙ্গে ভাগ করা হয়। যেমন—

| পূর্বাঙ্গ | উভয় অঙ্গ | উত্তরাঙ্গ |
|---|---|---|
| সা, রে, গ | ← ম → | প ধ নি |

## অলঙ্কার

রাগ বা গানকে সুন্দর করবার জন্য **কম্পনহীনভাবে বিশেষ ঢঙ্গ যুক্ত স্বর সমবায়ের ব্যবহারকে অলঙ্কার** বলা হয়। আধুনিক যুগে অলঙ্কারকে 'পাল্টা' এই শব্দেও ব্যবহার করা হয়। অলঙ্কারের স্বরগুলি শৃঙ্খলাবদ্ধভাবে বিন্যাস করা হয়। এই বিন্যাসে স্বরের ক্রমভঙ্গ করা হয় এবং আরোহণ ও অবরোহণের রূপ একই হয়। যেমন—

***আরোহণ***—সারেগ, রেগম, গমপ, মপধ, পধনি, ধনির্সা।

***অবরোহণ***—র্সানিধ, নিধপ, ধপম, পমগ, মগরে, গরেসা।

## শ্রুতি

'শ্রুতি' বলতে বোঝায় 'শ্রু' ধাতু + 'ক্তিন্' প্রত্যয়। শ্রু ধাতুর অর্থ হলো 'শোনা'। 'ক্তিন্' প্রত্যয় ক্রিয়াপদটিকে বিশেষ্য করেছে। কাজেই ভারতীয় সঙ্গীতের ক্ষেত্রে, শ্রুতি বলতে **স্বরের অন্তর্ভূক্ত সূক্ষ্ম ও অপুষ্ট ধ্বনিকে শ্রুতি** বলা হয়। এই শ্রুতি থেকেই স্বরের উৎপন্ন হয়। কিন্তু স্বরের আবিষ্কারই প্রথমে হয়েছিল। পরে নানা পরীক্ষার মাধ্যমে শ্রুতির আবিষ্কার হয়েছে। ভারতীয় সঙ্গীতে যে ৭টি স্বর আমরা শুনি, তা হলো স্বরের স্থূল রূপ, তাই এই ৭টি স্বর আমরা শুনতে পাই। কিন্তু ঐ স্বরগুলির সূক্ষ্ম রূপ আমাদের কর্ণগোচর হয় না। এই সূক্ষ্ম রূপই হলো শ্রুতি। সঙ্গীত-শাস্ত্রে ৭টি স্বরের ২২টি শ্রুতির উল্লেখ পাওয়া যায়।

## রাগ

বর্ণের ৪টি সাধারণ লক্ষণ হলো—স্থায়ী, আরোহী, অবরোহী ও সঞ্চারী। ধ্বনির ১০টি বিশেষ লক্ষণ হলো গ্রহ, অংশ, ন্যাস, অপন্যাস, তার, মন্দ্র, ষাড়ব, ঔড়ুব, অল্পত্ব, বহুত্ব। এই **৪টি লক্ষণযুক্ত বর্ণ এবং ১০টি লক্ষণযুক্ত ধ্বনির বিশিষ্ট ব্যবহার দ্বারা মনোরঞ্জনকারী যে সুরের সৃষ্টি হয় তাকেই রাগ** বলা হয়। বিভিন্ন যুগে বিভিন্ন ভাবে রাগের শ্রেণীকরণ করা হয়েছে।

| প্রাচীন যুগ | মধ্যযুগ | আধুনিক যুগ |
|---|---|---|
| ২ টি ভাগ<br>(ক) সুর প্রধান গ্রামরাগ।<br>(খ) জাতি-রাগ | ২টি মত<br>(ক) ৬ রাগ ও ৩০ রাগিণী।<br>(খ) ৬ রাগ ও ৩৬ রাগিণী | ২টি মত<br>(ক) পঃ ভাতখণ্ডেজী সৃষ্ট ১০টি ঠাটরাগ।<br>(খ) পঃ ব্যাঙ্কটমুখী সৃষ্ট ৭২টি জনক-ঠাট বা জনক-মেল। |

## পকড়

'পাকাড়' এই হিন্দী শব্দটি থেকেই সঙ্গীতে 'পকড়' শব্দটি এসেছে। 'পাকাড়' শব্দটির অর্থ 'ধরা' এই একই অর্থে সঙ্গীতে 'পকড়' শব্দটি ব্যবহৃত হয়। ১০টি ঠাট পদ্ধতির দ্বারা কোন রাগের স্বরূপ পরিষ্কারভাবে বোঝা যায় না। তাই, প্রত্যেকটি রাগের চলনে এমন কতগুলি স্বর স্থির করা হয় যাদের চলন সেই রাগের স্বরূপকে স্পষ্ট করে। প্রতিটি রাগের এই **নির্দিষ্ট চলনকে পকড়** বলা হয়। যেমন—

***ইমন রাগের পকড়***—নি রে গ, রে গ, রে, নি রে সা।

## সন্ধিপ্রকাশ রাগ

দিন ও রাত্রি এবং রাত্রি ও দিন, এই উভয়েরই মধ্যবর্তী সময়কে সন্ধিক্ষণ বলা হয়। প্রত্যেকটি রাগ-রাগিণীর পরিবেশনের সময় নির্দিষ্ট থাকে। **যে রাগগুলি দিন ও রাত্রির মধ্যবর্তী সময়ে পরিবেশন করা হয় সেগুলিকে সন্ধিপ্রকাশ রাগ** বলে। সন্ধিপ্রকাশ রাগগুলিতে সাধারণতঃ কোমল রে এবং শুদ্ধ গ ব্যবহৃত হয়। শুদ্ধ ম এবং কড়ি ম ব্যবহৃত রাগে শুদ্ধ ম-র প্রাধান্য থাকে। সন্ধিপ্রকাশ রাগ ২ প্রকার। যথা—

(ক) প্রাতঃকালীন সন্ধিপ্রকাশ রাগ, যেমন—ভৈরব রাগ।

(খ) সান্ধ্যকালীন সন্ধিপ্রকাশ রাগ, যেমন—পূরবী রাগ।

## সঙ্গীত

'সঙ্গীত' শব্দের ব্যাকরণগত ব্যাখ্যা হলো, সম্ + গৈ + ক্ত প্রত্যয়। সম্ উপসর্গের অর্থ সামঞ্জস্যপূর্ণ। গৈ ধাতুর অর্থ গান করা এবং 'ক্ত' প্রত্যয়টি ক্রিয়াপদটিকে বিশেষ্য করেছে। সঙ্গীত বলতে এককথায় বোঝায় **সামঞ্জস্যপূর্ণ সমবেত গান**। সঙ্গীত অবশ্যই অভিজাত গান অর্থাৎ বিধি-নিষেধ সম্বলিত গান। সঙ্গীতে নিত্য কল্যাণকর ও পবিত্রভাব থাকে।

"গীতং বাদ্যং তথা নৃত্যং ত্রয়ং সঙ্গীতমুচ্যতে" (সঙ্গীতরত্নাকর, শ্লোক ১/২১)

এই শ্লোকটি প্রমাণ করে যে, গীত, বাদ্য, নৃত্য এই তিনটিকেই প্রাচীনকালে সঙ্গীত বলা হতো। পরবর্তীকালে নৃত্যকে বাদ দিয়ে শুধুমাত্র গীত ও বাদ্যকেই সঙ্গীত বলা হয়ে থাকে।

# রাগ পরিচয়

## কেদার

কেদার রাগটি কল্যাণ ঠাট থেকে উৎপন্ন হয়েছে। এই রাগে ম বাদী স্বর এবং সা সমবাদী স্বর রূপে ব্যবহৃত হয়। জাতি ঔড়ব-ষাড়ব। গাইবার সময় রাত্রি প্রথম প্রহর। আরোহণে রে, গ, বর্জিত। অবরোহণে গ দুর্বল ও বক্র। ম̍ (কড়ি মধ্যম) এবং ম এই দুই স্বরের ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ।

আরোহণ—সা, ম, মপ, ধপ, নিধ, সা̇।

অবরোহণ—সা̇ নি ধ, প, ম̍প, ধপ, মগ, ম রে সা।

পকড়—ম̍ প, ধ  প ম, রে̣, সা।

## মালকৌস

মালকৌস রাগটি ভৈরবী ঠাট (মতান্তরে আসাবরী) থেকে সৃষ্টি হয়েছে। শান্ত ও গম্ভীর প্রকৃতির এই রাগটির জাতি ঔড়ব-ঔড়ব। গ, ধ, নি স্বর তিনটি কোমল। ম বাদী স্বর ও সা সমবাদী স্বর রূপে ব্যবহৃত হয়। গাইবার সময় রাত্রি তৃতীয় প্রহর।

আরোহণ—সা, গ̱ ম, ধ̱ নি̱ সা̇।

অবরোহণ—সা̇ নি̱ ধ̱ ম, গ̱ ম গ̱ সা।

পকড়—ম ধ̱, নি̱, ধ̱  ম, গ̱ সা।

## বাগেশ্রী

বাগেশ্রী রাগটি কাফী ঠাট থেকে সৃষ্টি হয়েছে। এই রাগটির জাতি ঔড়ব-সম্পূর্ণ। ম বাদী এবং সা সমবাদী স্বর রূপে ব্যবহৃত হয়। গ ও নি কোমল। অন্য সব স্বর শুদ্ধ। গাইবার সময় মধ্যরাত্রি।

ম
আরোহণ—সা, গ, ম, ধ, নি, সাঁ।

প পধ
অবরোহণ—সাঁ নি, ধ, ম, গ, রে, সা।

ম
পকড়—নি ধ মপধ, গ রে সা।

## বৃন্দাবনী সারং

কাফী ঠাট থেকে উৎপন্ন এই রাগটির বাদীস্বর রে ও সমবাদী স্বর প। গাইবার সময় মধ্যাহ্ন। গ ও ধ এই রাগের চলনে বর্জন করা হয়েছে। আরোহণে নি (শুদ্ধ নি) এবং অবরোহণে নি (কোমল নি) ব্যবহৃত হয়। জাতি ঔড়ব-ঔড়ব।

আরোহণ—সা, রে, ম, প, নি সাঁ।

অবরোহণ—সাঁ নি প, ম রে সা।

পকড়—নি, সারে, মরে, পমরে, সা।

## আসাবরী

এই রাগটি আসাবরী ঠাট থেকে উৎপন্ন হয়েছে। জাতি ঔড়ব সম্পূর্ণ। গ, ধ ও নি স্বর তিনটি কোমল। বাদীস্বর ধ (কোমল ধ) এবং সমবাদীস্বর গ (কোমল গ)। গাইবার সময় দিবা দ্বিতীয় প্রহর। উত্তরাঙ্গ প্রধান রাগ।

আরোহণ—সা রে ম প ধ সাঁ।

অবরোহণ—সাঁ নি ধ প ম গ রে সা।

পকড়—রে ম প নি ধ প।

## ভৈরবী

ভৈরবী ঠাটের অন্তর্ভুক্ত এই রাগটিকে সর্বকালীন রাগ বলে মনে করা হয়। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। বাদীস্বর ম এবং সমবাদী স্বর সা। মতান্তরে বাদীস্বর ধ (কোমল ধ) এবং সমবাদী স্বর গ (কোমল গ)। এই রাগে রে (কোমল রে,), গ (কোমল গ), ধ (কোমল ধ), নি (কোমল নি) ছাড়া আর সব শুদ্ধ স্বর ব্যবহৃত হয়। ভৈরবী রাগটি দিনের যে কোন সময়েই গাওয়া হয়ে থাকে।

আরোহণ—সা, রে গ ম প ধ নি সাঁ।

অবরোহণ—সাঁ নি ধ প ম গ রে সা।

পকড়—ধ নি সা, গ রে গ রে সা।

## দেস

দেস রাগটি খমাজ ঠাট থেকে উৎপন্ন হয়েছে। জাতি ঔড়ব-সম্পূর্ণ। বাদীস্বর রে এবং সমবাদী স্বর প। এই রাগে দুই নি ব্যবহৃত হয়। গাইবার সময় রাত্রি দ্বিতীয় প্রহর। পূর্বাঙ্গ প্রধান রাগ। কোমল নি ছাড়া আর সব শুদ্ধ স্বর ব্যবহৃত হয়।

আরোহণ—সা রে ম প নি সাঁ।

অবরোহণ—সা নি ধ প মগ রেগ সা।

পকড়—নি ধপ, পম, গ, রেগ, সা।

## খমাজ

খমাজ ঠাটের অন্তর্ভুক্ত এই রাগটির প্রকৃতি চঞ্চল। টপ্পা, ঠুংরী প্রভৃতি গানই এই রাগের উপযুক্ত। খমাজ রাগের বাদীস্বর গ, সমবাদী স্বর নি। এই রাগটিতে দুই নি অর্থাৎ নি, (শুদ্ধ নি) এবং নি (কোমল নি) ব্যবহৃত হয়। জাতি ষাড়ব-সম্পূর্ণ। গাইবার সময় রাত্রি দ্বিতীয় প্রহর।

আরোহণ—সা, গ ম প ধ নি সাঁ।

অবরোহণ—সাঁ, নি ধ প ম গ রে সা।

পকড়—নিধ, মপধ, মগ।

## কাফী

কাফী রাগটি কাফী ঠাট থেকেই উৎপন্ন হয়েছে। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। গ (কোমল গ) এবং নি (কোমল নি) ছাড়া আর সব স্বরই শুদ্ধ। বাদীস্বর প, সমবাদী স্বর সা। এই রাগে বিবাদী স্বর হিসাবে ধ (কোমল ধ) ব্যবহৃত হয়। গাইবার সময় মধ্যরাত্রি। মতান্তরে গাইবার সময় রাত্রি প্রথম প্রহর।

আরোহণ—সা, রে, গ, ম, প, ধ, নি, সাঁ।

অবরোহণ—সাঁ, নি, ধ, প, ম, গ, রে সা।

পকড়—সাসা, রেরে, গ গ, মম, প।

## ভৈরব

ভৈরব ঠাটের অন্তর্গত এই রাগটির জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। গাইবার সময় প্রাতঃকাল। এই রাগের প্রকৃতি গম্ভীর। বাদীস্বর ধ (কোমল ধ), সমবাদী স্বর রে (কোমল রে)। কোমল ঋষভ এবং কোমল গান্ধার ছাড়া অন্য সব স্বর শুদ্ধ।

আরোহণ—সা, রে গ ম প ধ নি সাঁ।

অবরোহণ—র্সা নি ধ্ প ম গ রে সা।

মগ
পকড়—ধ্, প, ম গ, রে, সা।

## ভূপালী

ভূপালী রাগটির জাতি ঔড়ব-ঔড়ব। ঠাট কল্যাণ। বাদীস্বর গ এবং সমবাদী স্বর ধ। এই রাগে সব স্বরই শুদ্ধ ব্যবহৃত হয়। পরিবেশনের সময় রাত্রি প্রথম প্রহর। ভূপালী রাগের সমপ্রকৃতির রাগ দেশকার, শুদ্ধ কল্যাণ। প্রকৃতি শান্ত। এই রাগটি পূর্বাঙ্গ প্রধান রাগ।

আরোহণ—সা রে গ প ধ র্সা।

অবরোহণ—র্সা ধ প গ রে সা।

পকড়—সা ধ়, সা রে গ, প গ।

## বহার

বহার রাগটি কাফী ঠাট থেকে উৎপন্ন। জাতি ষাড়ব-ষাড়ব। বাদীস্বর ম, সমবাদী স্বর সা। আরোহণে নি (শুদ্ধ নি) এবং অবরোহণে নি (কোমল নি) ব্যবহৃত হয়। বসন্ত ঋতু ছাড়া অন্য যে কোন ঋতুতে এই রাগটি মধ্যরাত্রিতে পরিবেশন করা হয়। শুধুমাত্র বসন্ত ঋতুতে এই রাগটি যে কোন সময়ে গাওয়া যায়।

নি
আরোহণ—সা, নিসা, গমপ, গম, ধ নি, র্সা।

অবরোহণ—র্সা নি প মপ গম রে সা।

নি
পকড়—মপ, গ ম, ধ, নি র্সা।

## পূর্বী

এই রাগটি পূর্বী ঠাট থেকে উৎপন্ন হয়েছে। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। করুণরস যুক্ত পূর্বী রাগটি প্রতি ঋতুর রাত্রি প্রথম প্রহরের শুরুতে এবং দিবা চতুর্থ প্রহরের শেষ ভাগে গাওয়া হয়। তাই, পূর্বী রাগটি সন্ধি প্রকাশ রাগ নামে পরিচিত। রাগটি পূর্বাঙ্গ প্রধান রাগ। বাদীস্বর গ এবং সমবাদী স্বর নি। প্রকৃতি গম্ভীর। এই রাগে রে ও ধ কোমল এবং দুই ম ব্যবহৃত হয়।

আরোহণ—সা রে গ ম প ধ নি সাঁ।

অবরোহণ—সাঁ নি ধ প ম গ, ম গ, রে গ রে সা।

পকড়—নি, সা, রে গ, ম গ মগ, রে গ, রে, সা।

## মূলতানী

মূলতানী রাগটি টোড়ী ঠাট থেকে উৎপন্ন। এই রাগে রে (কোমল রে), গ (কোমল গ), ধ (কোমল ধ), ম (কড়ি ম) ব্যবহৃত হয়। অন্য সব স্বর শুদ্ধ। বাদীস্বর প এবং সমবাদী স্বর সা। জাতি ঔড়ব-সম্পূর্ণ। পরিবেশনের সময় দিবা চতুর্থ প্রহর। রে, গ, ধ স্বর তিনটি এই রাগে খুবই কুশলতার সঙ্গে ব্যবহৃত হয়।

আরোহণ—সা, নি সা, গ ম প, নি সাঁ।

অবরোহণ—সাঁ নি ধ প ম গ রে সা।

পকড়—নি সা, গ ম প।

## বিহাগ

এই রাগটি বিলাবল ঠাটের অন্তর্গত। জাতি ঔড়ব-সম্পূর্ণ। বাদীস্বর গ এবং সমবাদী স্বর নি। পরিবেশনের সময় রাত্রি দ্বিতীয় প্রহর। ম (কড়ি ম) বিবাদী স্বর রূপে ব্যবহৃত হয়। অবরোহণে রে এবং ধ দুর্বল। আরোহণে এই দুটি স্বরই বর্জিত।

আরোহণ—সা, গ, ম প নি সা।

অবরোহণ—সা নি ধ প ম গ রে সা।

পকড়—নি সা, গমপ, গমগ।

## বিলাবল

বিলাবল রাগটি বিলাবল ঠাট থেকে উৎপন্ন হয়েছে। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। এই রাগের বাদীস্বর ধ এবং সমবাদী স্বর গ। পরিবেশনের সময় প্রাতঃকালের প্রথম প্রহর। কোন কোমল স্বর নেই। সপ্তকের সবকটি শুদ্ধ স্বরই এই রাগে ব্যবহৃত হয়। নি এবং গ এই স্বর দুটি বক্রভাবে ব্যবহৃত হয়।

আরোহণ—সা, রে, গ, ম, প ধ, নি সাঁ।

অবরোহণ—সাঁ, নি, ধ, প, ম, গ রে, সা।

পকড়—গ ম রে, গপ, ধ নি সাঁ।

## ইমন

ইমন রাগটি কল্যাণ ঠাট থেকে উৎপন্ন হয়েছে। ম॑ (কড়ি ম) ছাড়া এই রাগে সব শুদ্ধ স্বর ব্যবহৃত হয়। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। গ বাদী এবং নি সমবাদী রূপে ব্যবহৃত হয়। প্রকৃতি শান্ত। গাইবার সময় রাত্রি প্রথম প্রহর। রাগটির চলনে পূর্বাঙ্গের প্রাধান্য।

**আরোহণ—সা, নি রে, গ, ম॑, প, ধ, নি, সাঁ।**

**অবরোহণ—সা, নি, ধ, প, ম॑, গ, রে, সা।**

**পকড়—পম॑ গ, রে, নি রে সা।**

## ইমনকল্যাণ

ইমন কল্যাণ এবং ইমন রাগের স্বরূপ একই প্রকৃতির। শুধুমাত্র অবরোহণে দুটি ম (শুদ্ধ ও কড়ি) ব্যবহারের দ্বারা ইমন রাগ থেকে ইমন কল্যাণ রাগটিকে পৃথক করা হয়। এই রাগের ঠাট কল্যাণ। জাতি সম্পূর্ণ-সম্পূর্ণ। প্রকৃতি শান্ত। পরিবেশনের সময় রাত্রি প্রথম প্রহর। রাগটির চলনে পূর্বাঙ্গের প্রাধান্য। আরোহণে র্ম (কড়ি ম) ব্যবহৃত হয়। অন্য সব স্বর শুদ্ধ। পূর্বাঙ্গ প্রধান রাগ।

আরোহণ—সা, নি রে, গ, ম, প, ধ, নি সা।

অবরোহণ—সা নি, ধ, প, র্ম গ, ম, গ, রে, সা।

পকড়— প র্ম গ, ম গ রে, নি রে, সা।

# বাদ্যযন্ত্র

## তানপুরা

ভারতীয় সঙ্গীতে ব্যবহৃত বাদ্যযন্ত্রগুলিকে প্রধানতঃ ৪টি ভাগে ভাগ করা হয়েছে। সেগুলি যথাক্রমে—

(১) তন্ত্রী বা তত বাদ্য,

(২) সুষির বাদ্য,

(৩) অবনদ্ধ বা আনদ্ধ বাদ্য,

(৪) ঘন বাদ্য।

তানপুরা তন্ত্রী বা তত জাতীয় যন্ত্রের অন্তর্ভুক্ত। এই যন্ত্রটি কণ্ঠ সঙ্গীতের জন্য অপরিহার্য। তানপুরা যন্ত্রটি একটি সারিকাবিহীন যন্ত্র। তাই, যন্ত্রটি দ্বারা রাগ-রাগনী বাজানো যায় না বটে, তবে অনবরত কতকগুলি বিশেষ সুর পাওয়া যায় বলে স্বরের সূক্ষ্মরূপ সহজেই গায়ক, বাদক ও শ্রোতার কাছে ধরা পড়ে। এই কারণেই কণ্ঠ সঙ্গীত ছাড়াও অন্যান্য বাদ্যযন্ত্রের সঙ্গে সহায়ক যন্ত্ররূপে তানপুরাকে ব্যবহার করা হয়। আঙ্গুলের ঘর্ষণে বাজানো হয় বলে ব্যবহারিক পদ্ধতিতে একে আমরা ঘর্ষণ বাদ্যও বলি।

এই যন্ত্রটিতে চারটি তার থাকে। প্রথম তারটি মন্দ্র সপ্তকের পঞ্চম (প্রয়োজনমত মধ্যম) স্বরে বাঁধা হয়। দ্বিতীয় ও তৃতীয় তারটি মধ্য সপ্তকের ষড়জ (সা) এবং চতুর্থ তারটিকে মন্দ্র সপ্তকের ষড়জ স্বরে বাঁধা হয়।

তানপুরার দুটি অংশ দণ্ড ও তুম্বা। তুম্বাটি হলো ধ্বনিকোষ। এটি লাউ দিয়ে তৈরী। ভেতর ফাঁপা হয়।

তুম্বার উপরে যে কাঠের ঢাকনা থাকে তা তবলী। তবলীর উপরে একটি হাড়ের টুকরা থাকে যার উপর দিয়ে ৪টি তার দণ্ডের উপর যায়। এই হাড়ের টুকরাটিকে ব্রিজ বলা হয়।

তানপুরার ২টি অংশ দণ্ড ও তুম্বাকে একত্র করে গুলু।




তানপুরা

তব্‌লীর শেষে ছোট্ট ছিদ্রযুক্ত একটু কাঠ থাকে যেখান থেকে তারগুলিকে শুরু করা হয়। এই ছিদ্রযুক্ত কাঠটিকে মোগরা বলে।

তুম্বার সঙ্গে যুক্ত লম্বা ফাঁপা কাঠের খণ্ডটি হলো দণ্ড।

দণ্ডের উপরিভাগে ৪টি ছোট ছোট কাঠের খণ্ড দণ্ডের সঙ্গে যুক্ত থাকে। এদের বলে কান বা খুঁটি।

ব্রিজের নীচে চারটি হাড়ের গুলি দেওয়া থাকে এদের মন্‌কা বলে।

কানের নীচে দণ্ডের উপরে দুটি হাড়ের টুকরা থাকে এদের অটি বলে।

অটির মধ্যে ৪টি ছিদ্র থাকে। এই ছিদ্রের মধ্য দিয়ে তারগুলি কানের সঙ্গে যুক্ত

হয়। এই ছিদ্রগুলিকে তারগহন বলা হয়।

ভারতবর্ষে মুসলমান রাজত্ব দৃঢ় হবার আগে তানপুরা যন্ত্রটির প্রচলন ছিল না। শোনা যায়, তানপুরা শব্দটি 'তন্‌বুরাহ্' শব্দের অপভ্রংশ। প্রাচীনকালে অভিজাত সঙ্গীত শিল্পীরা তাল প্রদর্শনের জন্য সঙ্গীত পরিবেশনের সময় দুটি হাতকেই মুক্ত রাখতেন, সহকারী গায়ক প্রধান গায়ককে অনুসরণ করে বীণা বাজাতেন।

পরবর্তীকালে, পারসিক মুসলিম শিল্পীদের অনুসরণ করে হিন্দু শিল্পীগণও সঙ্গীত পরিবেশনের সময় নিজেরাই তানপুরা ব্যবহার করতে শুরু করেন। এইভাবে, তানপুরা বাদ্যযন্ত্রটির প্রচলন হয়।

## তবলা-বাঁয়া

ভারতীয় সঙ্গীতে ব্যবহৃত বাদ্যযন্ত্রগুলিকে ৪টি ভাগে বিভক্ত করা হয়েছে। তবলা-বাঁয়া যন্ত্রটি অবনদ্ধ বা আনদ্ধ বা বিতত বাদ্য বিভাগের অন্তর্ভুক্ত।

আনদ্ধ শব্দের ব্যাকরণগত বিশ্লেষণ হলো, আ 'নহ্' ধাতু + ক্ত প্রত্যয়। 'আ' উপসর্গের অর্থ পর্যন্ত। 'নহ্' ধাতুর অর্থ 'বন্ধন'। অর্থাৎ সম্পূর্ণ বন্ধনযুক্ত যন্ত্রকেই আনদ্ধ বাদ্য বলা হয়। তবলা-বাঁয়ার চর্ম দ্বারা আচ্ছাদিত ছট্, তাকে আনদ্ধ বাদ্য বলে প্রমাণ করে।

প্রাচীনকালে একমুখ যুক্ত বড় আকারের (অনেকটা বড়মাপের বাঁয়া-তবলার মত) দুন্দুভিকে আনদ্ধ বাদ্য বলা হতো। তবে ঐ একমুখ যুক্ত বাদ্য কবে এবং কিভাবে দুইমুখ হলো, সে সম্পর্কে কোন তথ্য পাওয়া যায় না।

সঙ্গীতে তবলা-বাঁয়া একটি অপরিহার্য বাদ্যযন্ত্র। এই যন্ত্রটি হিন্দুস্থানী সঙ্গীতের উপযোগী বাদ্যরূপে ব্যবহৃত হলেও লঘু সঙ্গীতেই এটি অধিক ব্যবহৃত হয়।

তবলার দেহটি কাঠের তৈরী। মুখটি চর্ম দ্বারা আচ্ছাদিত থাকে। তবলা ডানহাতে বাজানো হয় বলে এর আর এক নাম 'ডাহিনা'। নিম্ন ভাগ চওড়া এবং উপরিভাগ অপেক্ষাকৃত সরু এমন একটি কাঠের খোল দিয়ে তবলা তৈরী হয়। এই কাঠের খোলটিকে কুঁড়ী বলে।

কুঁড়ীর উপরের অংশটি চর্ম দ্বারা আচ্ছাদিত থাকে। চর্মাচ্ছাদিত অংশটিকে পুড়ী বলে।

এই পুড়ীর চারিদিকে চর্মাচ্ছাদিত অংশটিকে কানি বলে।

কানির চারপাশে বিড়ার মত গোলাকার চর্মাচ্ছাদিত অংশটিকে গজরা বলা হয়।




বাঁয়া তবলা

তবলার উপরিভাগের চর্মাচ্ছাদিত অংশের মাঝখানে কাল রঙের গোল স্থানটিকে গাব বলে।

গাব এবং কানির মধ্যবর্তী অংশটিকে লব বলা হয়।

কুঁড়ীর গায়ে নীচ থেকে উপর পর্যন্ত সরু চামড়া দিয়ে লম্বাভাবে বাঁধা থাকে। বেল্টের মত এই চামড়াগুলিকে ছট্ বলে।

প্রত্যেকটি ছটের মধ্যে একটি করে লম্বা কাঠের টুকরা দেওয়া থাকে। এই কাঠের টুকরাগুলিকে গুলি বলা হয়।

তবলার নীচে গোলাকৃতি একটি চামড়া থাকে, যা উপরের গজরার সঙ্গে ছট্ দ্বারা সংযুক্ত থাকে। এই গোলাকৃত চামড়াটিকে গুড়রী বলা হয়।

বাঁয়া-র আর এক নাম 'ডুগী'। বাঁয়ার দেহটি মাটির দ্বারা তৈরী হয়। বর্তমানে তামা, পিতলের বাঁয়ার ব্যবহারও দেখা যায়। বাঁ-হাত দিয়ে বাঁয়া বাজানো হয়। তবলা থেকে বাঁয়ার গঠন ভিন্ন প্রকারের। এর নিম্নভাগ সরু এবং উপরিভাগ অপেক্ষাকৃত চওড়া।

তবলার মত বাঁয়ারও কুঁড়ী, পুড়ী, গজরা প্রভৃতি অংশ আছে। তবে বাঁয়াতে গুলি থাকে না। বাঁয়ার গাব একটু কিনারায় থাকে। এই গাবে কোনরকম বোল

বাজানো হয় না। কিন্তু তবলার ক্ষেত্রে গাব বোল বাজানোর জন্যই ব্যবহৃত হয়। তবলার গাবটি অপেক্ষাকৃত বড় হয়।

## এস্‌রাজ

ভারতীয় সঙ্গীতে ব্যবহৃত বাদ্যযন্ত্রগুলিকে প্রধানতঃ ৪টি ভাগে ভাগ করা হয়েছে। এস্‌রাজ বাদ্যযন্ত্রটি তন্ত্রী বা তত যন্ত্রের অন্তর্ভুক্ত। প্রাচীনকালে তারের বদলে জন্তুর নাড়ী শুকিয়ে শক্ত সুতোর মত তন্ত্রী বা তাঁত ব্যবহার করা হতো। এই জাতীয় বাদ্যযন্ত্রের নাম তন্ত্রী বা তত বাদ্য।




এসরাজ

এস্‌রাজ বাদ্যযন্ত্রটি সেতার ও সারেঙ্গী, এই দুই যন্ত্রের মিশ্রণে সৃষ্টি হয়েছে। এই যন্ত্রটি সারিকা বা পর্দাযুক্ত যন্ত্র। এর সারিকাগুলি সেতারের মত। এস্‌রাজের নীচের অংশ সারেঙ্গীর মত। এ ছাড়া বাদন প্রণালীও সারেঙ্গীর মত। ডান হাতে একটি ছড়ি দিয়ে তারগুলি বাজানো হয়। বাঁ-হাতের আঙ্গুল (তর্জনী ও মধ্যমা) দ্বারা পর্দাগুলি ব্যবহার করা হয়। একক সঙ্গীত ছাড়া কণ্ঠ সঙ্গীতের সহায়ক যন্ত্র রূপেও এস্‌রাজ বাজানো হয়ে থাকে।

এস্‌রাজ যন্ত্রটির মুখ্য তার ৪টি। ডানদিক থেকে প্রথম তারটি হলো ষ্টীলের। দ্বিতীয় ও তৃতীয় তার দুটি তামার। চতুর্থ তারটি হয় পিতলের। প্রথম তারটি মন্দ্র সপ্তকের ম স্বরে বাঁধা হয়। দ্বিতীয় ও তৃতীয় তার দুটি মন্দ্র সপ্তকের সা স্বরে বাঁধা হয়। এদের জুড়ির তার বলে। চতুর্থ তারটি মন্দ্র সপ্তকের প স্বরে বাঁধা হয়।

এছাড়া এস্‌রাজে আরও তার থাকে। সেগুলিকে তরফের তার বা পার্শতন্ত্রিকা বলা হয়। এইগুলি পিতলের তার। তবে সেগুলির সংখ্যা এবং সুর বাঁধার বিষয়টি বাদকের ইচ্ছার উপর নির্ভর করে। এই তারগুলিকে পৃথকভাবে বাজানো হয় না। প্রধান তারের কম্পনেই এগুলি প্রতিধ্বনিত হয়।

এস্‌রাজের অঙ্গসমূহের মধ্যে নীচের অংশটিকে তুম্বা বলা হয়। উপরের লম্বা কাঠের অংশটি হলো দণ্ড।

তুম্বার নীচে, যেখান থেকে তারগুলি কানের সঙ্গে যুক্ত হয়, সেই স্থানটিকে লঙ্গোট বলে।

ছোট চৌকা মত হাড়ের বা হাতীর দাঁতের একটি টুকরা তুম্বার উপরে থাকে। একে ব্রিজ বলা হয়। এই ব্রিজের উপর দিয়ে তারগুলি যায়।

কাঠের দণ্ডটির উপরিভাগে যে হাড়ের টুকরাটির ছিদ্রের মধ্য দিয়ে তারগুলি কানের সঙ্গে যুক্ত করা হয়, সেই হাড়ের টুকরাটিকে অটী বলা হয়।

লম্বা কাঠের দণ্ডটির উপর পিতল বা ষ্টীলের ১৬/১৭-টি টুকরা থাকে। এগুলিকে সারিকা বা পর্দা বলা হয়।

# তাল-পরিচয়

## হিন্দুস্থানী তাল

### চৌতাল

মাত্রা =১২, তালি =৪, খালি =২, পদ =সম, ছন্দ =২।২, বিভাগ =৬।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| বোল- | ধা | ধা | দেন্ | তা | কত্ | তাগে | দেন্ | তা | তিট | কত | গদি | ঘে নে |
| তাল চিহ্ন- | X | | ০ | | ২ | | ০ | | ৩ | | ৪ | |

### সুরফাঁক

মাত্রা =১০, তালি =৩, খালি =২, পদ =বিষম, ছন্দ =২।২ বিভাগ =৫।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বোল- | ধা | ধা | দেন্ | তা | কত্ | তাগে | তেটে | কত | গদি | ঘে নে |
| তাল চিহ্ন | X | | ০ | | ২ | | ০ | | ০ | |

### ঝাঁপতাল

মাত্রা =১০, তালি =৩, খালি =১, পদ =বিষম, ছন্দ =২।৩।২।৩ ।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বোল- | ধা | দেৎ | ধা | দিন্ | তা | কেটে | তাগে | ধা | দিন্ | তা |
| তাল চিহ্ন | X | | ২ | | | ০ | | ৩ | | |

### তেওড়া বা তীব্র

মাত্রা =৭, তালি =৩, খালি =নেই, পদ =বিষম, ছন্দ =৩।২।২ বিভাগ =৩।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| বোল- | ধা | দিন্ | তা | তিট | কত | গদি | ঘেনে |
| তাল চিহ্ন | X | | | ২ | | ৩ | |

## একতাল

মাত্রা =১২, তালি =৩, খালি =২, ছন্দ =২।২ বিভাগ =৬।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| বোল- | ধিন্ | ধিন্ | ধাগে | তেরেকেটে | থুন্ | না | কৎ | তা | ধাগে | তেরেকেটে | ধিন্ | ধা |
| তাল চিহ্ন | X | | ০ | | ২ | | ০ | | ৩ | | ৪ | |

## ত্রিমাত্রিক ছন্দে একতাল

৩।৩ ছন্দ। বাংলা গানে বিশেষ করে রবীন্দ্রসঙ্গীতে ব্যবহৃত হয়।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| বোল- | ধিন্ | ধিন্ | ধাগে | তেরেকেটে | থুন | না | কৎ | তা | ধাগে | তেরেকেটে | ধিন্ | না |
| তাল চিহ্ন | X | | | ২ | | | ০ | | | ৩ | | |

## ত্রিতাল

মাত্রা =১৬, তালি =৩, খালি =১, পদ =সম, ছন্দ =৪।৪ বিভাগ =৪।

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| বোল- | ধা | ধিন্ | ধিন্ | ধা | ধা | ধিন্ | ধিন্ | ধা | না | তিন | তিন | না | তেটে | ধিন্ | ধিন্ | ধা |
| তাল চিহ্ন | X | | | | ২ | | | | ০ | | | | ৩ | | | |

## কাহারবা বা কার্ফা

মাত্রা =৮, বিভাগ =২, তালি =১, খালি =১, ছন্দ =৪।৪।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বোল- | ধা | গি | না | তি | না | ক | ধি | ন |
| তাল চিহ্ন | X | | | | ০ | | | |

## দাদ্‌রা

মাত্রা =৬, তালি =১, খালি =২, বিভাগ =২, ছন্দ =৩।৩

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|---|
| বোল- | ধিন্‌ | ধিন্‌ | ধা | ধা | তী | না |
| তাল চিহ্ন | X | | | ০ | | |

# কীর্তনাঙ্গ তাল

## লোফা

## বড় লোফা

মাত্রা =১২, তালি =৩, কোশী =১, কাল =৮, ছন্দ =৩।৩।৩।৩

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | দি | দ্বা | ঝি | নাক | তেটে | তেটে | খে | টা | ঝা | তা | গুবগুব | গুবগুর |
| তাল চিহ্ন | X | ০ | ০ | ২ | ০ | ০ | O | ০ | ০ | ৩ | ০ | ০ |

## ছোটলোফা

## গুরুলওয়া

মাত্রা =৬, তালি =১, কোশী =১, কাল =৪, ছন্দ =৩।৩।

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|---|
| বোল- | ধা | গে | দা | দা | ঘি | না |
| তাল চিহ্ন | X | ০ | ০ | O | ০ | ০ |

## লঘু লওয়া

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|---|
| বোল- | তা | ক | তা | তা | খে | টা |
| তাল চিহ্ন | X | ০ | ০ | O | ০ | ০ |

## ঝাঁপ তাল

মাত্রা =১০, তালি =২, কোশী =২, কাল =৪, ছন্দ =২।৩।২।৩।

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ঝে | নে | ঝা | গে | না | তে | নে | তা | খে | টা |
| তাল চিহ্ন | X | ০ | ২ | ০ | ০ | O | ০ | ৩ | ০ | ০ |

## ছোট দশকোশী

মাত্রা =৭, ছুটাতালি =২, জোড়াতালি =১, কোশী =৩, ছন্দ =২।২।১।২

### গুরু লওয়া

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ঝা- | ঝি নাকঝিনি | ঝা- -ঝি | নাকঝিনি | ঝা - - গুবগুব | জাঘিনাক | তেটেতটে |
| তাল চিহ্ন | X | O | ০ | O | ৩ | ৪ | O |

### লঘু লওয়া

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| বোল- | তা- | হি নাক থিনি | ত | খি নাক থিনি | তা-গুরগুব | তাং তা | খিখি |
| তাল চিহ্ন | X | O | ২ | O | ৩ | ৪ | O |

## তেওট তাল

মাত্রা =১৪, তালি =৩, কোশী =৪, কাল =৭, ছন্দ =৬।৪।৪

### গুরু লওয়া

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ঝা | খি | ঝা | খি | — | গুব গুব গুব গুর | ঝা | খি | ঝিন্ | নাক্ | দিগি | দাঘি | নেতা | ঘেটা |
| তালচিহ্ন- | X | ০ | O | ০ | O | ০ | ২ | ০ | O | ০ | ৩ | ০ | O | ০ |

## লঘু লওয়া

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | তা | — | তা | — | — | গুর গুর গুর গুর | | তাৎ | তেটে | তেটে | খিটি | নাক | দাধে | ইদা | ধেই |
| তালচিহ্ন- | X | ০ | O | ০ | O | ০ | | ২ | ০ | O | ০ | ৩ | ০ | O | ০ |

# রবীন্দ্র সৃষ্ট তাল

## রূপক্ড়া (তবলা)

মাত্রা =৮, তালি =৩, পদ =বিষম, জাতি=মিশ্র, ছন্দ =৩।২।৩ ।

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ধি | ধি | না | ধি | না | ধি | ধি | নানা |
| তাল চিহ্ন | ১´ | | | ২ | | ৩ | | |

## রূপক্ড়া (পাখোয়াজ)

| মাত্রা | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ধা | দেন্ | তা | তেটে | কতা | গদি | ঘেনে | নাগ |
| তাল চিহ্ন | ১´ | | | ২ | | ৩ | | |

## নবতাল (পাখোয়াজ)

মাত্রা =৯, তালি =৪, পদ =বিষম, জাতি=মিশ্র, ছন্দ =৩।২।২।২ ।

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ধা | দিন্ | তা | তেটে | কতা | গদি | ঘেনে | ধাগে | তেটে |
| তালচিহ্ন- | ১´ | | | ২ | | ৩ | | ৪ | |

## নবতাল (তবলা)

| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোল- | ধি | ধি | না | ধি | না | ধি | ধি | নাগে | তেটে |
| তালচিহ্ন- | ১´ | | | ২ | | ৩ | | ৪ | |

## ষষ্ঠী তাল

মাত্রা =৬, তালি =২, পদ =বিষম, জাতি=মিশ্র, ছন্দ =২।৪ ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বোল- | ধি | না | ধি | ধি | নাগে | তেটে |
| তালচিহ্ন- | ১ | | ২ | | | |

## নবপঞ্চ তাল (পাখোয়াজ)

মাত্রা =১৮, তালি =৫, পদ =বিষম, জাতি=মিশ্র, ছন্দ =২।৪।৪।৪।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বোল- | ধা | গে | ধা | গে | দিন্ | তা | কৎ | তাগে | দিন্ | তা |
| তাল চিহ্ন- | ১ | | ২ | | | | ৩ | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| তেটে | ধা | দিন্ | তা | তেটে | কতা | গদি | ঘেনে |
| ৪ | | | | ৫ | | | |

## অর্ধঝাঁপ (তবলা)

মাত্রা =৫, তালি =২, পদ =বিষম, জাতি=মিশ্র, ছন্দ =২।৩ ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বোল- | ধি | না | ধি | ধি | না |
| তালচিহ্ন- | ১ | | ২ | | |

## ঝম্পক (তবলা)

মাত্রা =৫, তালি =২, পদ =বিষম, জাতি=মিশ্র, ছন্দ =৩।২। ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মাত্রা- | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বোল- | ধি | ধি | না | ধি | নানা |
| তালচিহ্ন- | ১ | | | ২ | |

# বাংলা সঙ্গীত পরিচিতি

## কীর্তন

'কীর্তন' শব্দের আভিধানিক অর্থ হলো স্তুতি, প্রশংসা, যশোগাথা ইত্যাদি। 'কীর্তি' শব্দ থেকেই কীর্তন শব্দের উৎপত্তি। মতান্তরে, 'কীর্তিলহরী' শব্দটিই কীর্তন শব্দের উৎস। ভাগবতে কীর্তন সম্বন্ধে বলা হয়েছে,

"শ্রবণং কীর্তনং বিষ্ণো স্মরণং পাদসেবনম্।।
অচনং বন্দনং দাসং সখ্যমাত্মনিবেদনন্।।"

সুতরাং উদাত্ত কণ্ঠে ভগবানের নাম বা গুণাদির গাথাই কীর্তন।

কীর্তনের কথা নিতান্তই গানের কথা হলেও তা ছিল বাংলাদেশের এক কালের একমাত্র সাহিত্য। তাই, সাহিত্য জগতে বৈষ্ণব কবিতা বলে আজও কীর্তনকে বিশেষ স্থান দেওয়া হয়।

বাংলার কীর্তনগানের বৈশিষ্ট্যগুলি হলো, এই গান অধ্যাত্ম ভাবসম্পদযুক্ত গীতি বা গান। ব্রজবুলি ভাষায় নিবদ্ধ পদ কীর্তনের নিজস্ব ঐতিহ্য ও রূপকে প্রকাশ করে। শাস্ত্রীয় নিবদ্ধ করণ প্রবন্ধ গানের মত কীর্তনেরও ধাতু, অঙ্গ, তাল, রাগ বিভিন্ন রস ও ভাব আছে। এই গানে ভাবের প্রাধান্য দেখা যায়। রস ঃ স্থর জন্য আঁখর ব্যবহৃত হয়। গৌরচন্দ্রিকা বা মহাপ্রভুর বন্দনা করে এই গানের শুরু হয়। তুক্ বা ধাতুর পুনরাবৃত্তি হয় না। বিভিন্ন ছন্দের নানাপ্রকার তাল এই গানে ব্যবহৃত হয়। মূল গায়কসম্প্রদায় নিয়ে খোল, করতাল সহযোগে কীর্তন পরিবেশন করেন।

কীর্তন প্রধানতঃ দুই প্রকার। নামকীর্তন ও লীলাকীর্তন। সমবেতভাবে ঈশ্বরের নাম ও গুণাদির গানই নাম-সংকীর্তন। লীলা-কীর্তনের প্রধান বিষয়, রাধা-কৃষ্ণের লীলা বর্ণনা।

কীর্তন গানের ক্রমবিকাশের প্রথম সোপান বলে কবি জয়দেবের গীতরীতিকেই

গণ্য করা হয়। গীতগোবিন্দের গায়ন পদ্ধতিতে বিভিন্ন তাল ও রাগ নির্দিষ্ট ছিল। গানের প্রথম দুই একটি চরণকে ধ্রুব বলা হয়েছে। এই কারণেই প্রবন্ধ গানের ধারা গীতগোবিন্দে স্পষ্ট হয়েছে।

এর পরবর্তী ধারায় পাওয়া যায় জয়দেব অনুগামী মিথিলার কবি বিদ্যাপতিকে। তাঁর গায়ন পদ্ধতি মৈথিলী সঙ্গীত ধারা বলে পরিচিত।

পরবর্তী কবি চণ্ডীদাসের কীর্তনগানে একদিকে যেমন জয়দেবের ধারার প্রভাব পাওয়া যায় তেমনি মৈথিলী সঙ্গীত ধারারও প্রভাব পাওয়া যায়।

চণ্ডীদাসের যুগ পর্যন্ত সময়কে প্রাক্-চৈতন্য যুগ বলে ধরা হয়। পঞ্চদশ শতকের শেষার্ধে চৈতন্যদেবের আবির্ভাবের পর কীর্তন ধারাকে পূর্ণ রূপ দেবার চেষ্টা শুরু হয়। কাজেই, চৈতন্যদেবের জন্মলগ্নে নবদ্বীপ হরিনাম গানে মুখরিত হলেও শ্রীকৃষ্ণ চৈতন্যকেই নাম-সংকীর্তনের প্রবর্তক বলে মনে করা হয়।

চৈতন্যোত্তর যুগে তাঁরই সম্প্রদায়গুলির মধ্যে কীর্তনকে প্রণালীবদ্ধভাবে (যা মহাপ্রভুর সময় থেকেই শুরু হয়েছিল) প্রচলন করার সার্থক রূপ দেখা যায়। বিভিন্ন অঞ্চলে এই সম্প্রদায়গুলি তাঁদের ভাব ও রসের চিন্তা অনুসারে পদ সৃষ্টি, সুর-প্রয়োগ, তাল সংযোজন এবং গায়কীর প্রকাশ করেন। নীলাচলের রথযাত্রা উৎসবে চৈতন্যদেব এই সম্প্রদায় বিভক্তির দিক্ দর্শন করিয়েছিলেন। এই সম্প্রদায় ভেদেই কীর্তনের ৫টি ঘরাণার সৃষ্টি হয়। সেগুলি যথাক্রমে—

(১) গড়ের হাটী

(২) রেনেটী

(৩) মন্দারিণী

(৪) মনোহর শাহী

(৫) ঝাড়খণ্ডী

***গড়ের হাটী*** — এই কীর্তনরীতির উদ্ভব হয় রাজশাহী জেলার গড়েরহাটী পরগণার অন্তর্গত খেতুরীতে। নরোত্তম দাস এই পদ্ধতির প্রবর্তক। তিনিই সর্বপ্রথম কীর্তনকে ধ্রুপদের রাগতালযুক্ত করে প্রচার করেন। এই রীতির কীর্তনের লয় বিলম্বিত,

ছন্দ দীর্ঘ, তাল ১০৮, এই পদ্ধতিতে আঁখরের প্রাধান্য লক্ষণীয়।

***রেনেটী —*** বর্ধমান জেলার রানীহাটী পরগণায় 'রেনেটী' পদ্ধতির প্রথম উদ্ভব। এই রীতির প্রবর্তক বিপ্রদাস ঘোষ। এর লয় ও মাত্রা দ্রুত ও সরল, সুর অনেক তরল, আঁখরের বিশেষ প্রাধান্য নেই। তাল সংখ্যা ২৬। টপ্পা গানের সঙ্গে এই কীর্তনকে তুলনা করা যায়। বর্তমানে এই রীতি প্রায় অবলুপ্তির পথে।

***মন্দারিণী —*** মেদিনীপুরের সরকার মন্দারণের নামানুসারে মন্দারিণী পদ্ধতির নামকরণ করা হয়েছে। এটি রাঢ়ের প্রাচীন সুর. এই গানের কাঠামো ঠুংরী গানের মত। তাল সংখ্যা ৯। এই পদ্ধতি প্রায় অবলুপ্ত।

***মনোহর শাহী —*** বর্ধমান জেলার মনোহরশাহী পরগণার নাম অনুসারে এই সম্প্রদায়ের নামকরণ করা হয়েছে। খেতুরী প্রত্যাগত কয়েকজন একত্রে রাঢ়ের প্রাচীন কীর্তন ধারার সংস্কার করে এই রীতির প্রবর্তন করেন। এই পদ্ধতির কীর্তনের লয় অপেক্ষাকৃত সংক্ষিপ্ত, রীতি খেয়াল গানের মত, তাল সংখ্যা ৫৪, আঁখরের বৈচিত্র্য রক্ষা করা হয়।

***ঝাড়খণ্ডী —*** এই পদ্ধতির কীর্তন রাঢ়ের একটি প্রাচীন লোক সঙ্গীতের সুর। কবীন্দ্র গোকুল ঐ সুরকে সংস্কার করে এই রীতির প্রচলন করেছিলেন। এই কীর্তন লুপ্ত।

যদিও বাংলাদেশে বিচিত্র ধারা বা ঘরাণার কীর্তন গানের প্রচলন ছিল, তবু একথা অনস্বীকার্য যে, ভাব ও রস চিন্তায় সব গানেই ছিল ঐক্যের সুর। শ্রীকৃষ্ণের নাম ও রাধাকৃষ্ণের লীলার মধ্য দিয়ে প্রেমের আস্বাদন করাই কীর্তনের ভাব ও রসের প্রাণ। তাই, শুধুমাত্র রসজ্ঞ শ্রোতাই কীর্তন গানের মধ্য দিয়ে পার্থিব জগৎ থেকে অপার্থিব সৌন্দর্যলোকে প্রবেশ করতে পারেন।

# বাউল গান

'বাউল' শব্দের অর্থ পাগল বা খেপা। ধর্মীয় সংকীর্ণতা ও কুসংস্কার থেকে মুক্ত সাধক সম্প্রদায়কে বাউল বলা হয়। মনের মানুষের সাধনায় মত্ত হয়ে এই সম্প্রদায় একটি বিশেষ সুরে গান বেঁধে পথে-ঘাটে গেয়ে চলে। বাউল সাধকদের এই বিশেষ সুরের গানই বাউল গান নামে পরিচিত।

বাউল গানের উৎপত্তি সম্বন্ধে বলা যায় যে, সম্ভবতঃ , বৈদিক যুগের ব্রাত্য জনেরাই বাউল সম্প্রদায়ের আদি পুরুষ। এই গানের মধ্যে যে ত্যাগ এবং প্রেমের কথা শোনা যায় তা থেকে আমরা অনুমান করতে পারি যে, নাথ যোগী এবং সূফী সম্প্রদায় পরবর্তীকালে বাউল গানকে যথেষ্ট প্রভাবিত করেছিল।

বাউল-ধর্ম প্রকাশ ও প্রচারের জন্য বাউলেরা বাংলা ভাষায় রচিত বিশেষ সুরের বাউল গানকেই প্রধান অঙ্গরূপে গ্রহণ করেছে। এই গানের বিভিন্ন বিষয় বস্তুর মধ্য দিয়ে বাউল ধর্মের তত্ত্ব কথা সুন্দরভাবে ফুটে উঠেছে।

গুরুবাদী বাউল সাধকেরা মনে করেন, মনুষ্য জীবনে গুরুই সব। গুরুভক্তি, গুরু বিশ্বাস, গুরুর পদে আত্মসমর্পণই মানব জীবনকে সফল করবার একমাত্র উপায়। অজানাকে জানার জন্য বাউল কণ্ঠ গুরুর কাছেই প্রশ্ন রাখে—

গুরু, কৃপা করে বল আমায় মূল কথা,
"মানব দেহে বিরাজ করে,
কোন খানেতে কোন দেবতা?"

দেহের ভিতরের মনের মানুষকে খুঁজে বেড়ানই বাউলের সাধনা। পূর্ব্ববঙ্গের বিখ্যাত বাউল লালন ফকীরের গানে সেই মনের মানুষকে না পাওয়ার আকুতি শোনা যায়—

"আমার মনের মানুষের সনে
মিলন হবে কত দিনে।"

বাউল বিশ্বাস করে যে, মনের মানুষ অন্য কোথাও থাকে না। মানব দেহতেই তাঁর অবস্থান। নানাভাবে বিরাজিত মনের মানুষকে দেখার কথা বাউল প্রকাশ করেছেন তাঁর সুর ও ভাষায় রচিত দেহতত্ত্বের একটি গানে।

"মন রে ঘুমাইছ কি হায় বেভুলে
যায় যে রে তোর দিন
ও তোর রঙমহল চৌচালা ঘরে,
চোর যে দিচ্ছে সিঁদ্।"

বৌদ্ধধর্মের প্রধান বিষয় হলো শূন্যতা। বাউল সাধকরা যে, বৌদ্ধধর্ম দ্বারাও প্রভাবিত হয়েছিল, তার নিদর্শন পাওয়া যায় বাউলের কণ্ঠে। রিক্ত বাউল গেয়ে চলে—

"একে একে মিলিয়ে গেল
হাতে কিছু রইল না।"

এই প্রকার বিভিন্ন বিষয়-নির্ভর রচনার মধ্য দিয়ে বাউলেরা গানের ভাণ্ডার ভরিয়ে তুলেছে।

বাউল গানের সঙ্গে বিশেষ ধরণের নৃত্যই এই গীত রীতির প্রধান বৈশিষ্ট্য। এই নৃত্যভঙ্গী অন্য কোন গীতরীতিতে পাওয়া যায় না। বাউলের এই বিশেষ নৃত্যের জন্যই বাউল গান আরও বেশী সুন্দর হয়ে ওঠে। শ্রোতার প্রাণে দোলা দেয়, আনন্দের সঞ্চার করে।

বাউলকে একতারা (কখনও বাঁ-হাতে ডুগী) বাজাতে দেখা যায়। নৃত্য, গীত ও বাদ্য এই তিনটির এমন সমন্বয়ে বাউলের গান স্বতন্ত্রতার দাবী রাখে।

বাউল গান হলো বাংলার লোকসংগীত। গ্রাম্য-মানুষ এই গানের রচয়িতা। তাই, বাউল গানে ভাষার মাধুর্য নেই বললেই চলে। এই গানের প্রাণপাখী অবস্থান করে সুরে। মুক্ত বাউলের ভাবনা সুরের ডানা মেলে উড়ে চলে অনন্তের আকাশে। যদিও ব্যক্তি বিশেষে এই সুর মাধুর্যের পার্থক্য ঘটে, তথাপি একথা সত্য যে, এ সুরের ঐক্য কখনও ক্ষুন্ন হয় না। সুরের ছোঁয়ায় ভাষা প্রাণ পায়। এ গানের সুরে নেই কোন আতিশয্য, অনাবশ্যক বাহুল্য, তানের বৈচিত্র্য। আছে শুধু দরদ ও বেদনা। যার মধ্য দিয়ে সাধক খুঁজে পেতে চায় তাঁর মনের মানুষকে।

অখণ্ড বাংলার বাউলদের প্রধান কেন্দ্র ছিল কুষ্ঠিয়ায় (বর্তমান বাংলাদেশ) পশ্চিমবঙ্গের বাউলদের প্রধানকেন্দ্র নবদ্বীপ। লালন ফকীর, মদন বাউল, নবনী দাস, দীন বাউল, রামচাঁদ প্রভৃতি বাউল সাধকদের নাম বাংলার লোকসঙ্গীত জগতে আজও অবিস্মরণীয় হয়ে আছে।

# সঙ্গীতগুণীদের জীবনী ও সঙ্গীত প্রসঙ্গে

## মিঞা তানসেন

**জীবনী :**

তানসেনের প্রকৃত নাম ছিল রামতনু পাঁড়ে বা পাণ্ডে গোয়ালিয়রবাসী মকরন্দ পাণ্ডের পুত্র ছিলেন মিঞা তানসেন। গোয়ালিয়র শহর থেকে বেশ কিছু দূরে বিহট নামের একটি গ্রামে তানসেনের জন্ম হয়েছিল বলে জানা যায়। ছেলেবেলায় সঙ্গীত শিক্ষা কোথায় হয়, এ বিষয়ে নানা মতান্তর আছে। সম্ভবতঃ গোয়ালিয়রের রাজা মানসিংহ তোমরের পত্নী রাণী মৃগনয়নীর প্রতিষ্ঠিত সঙ্গীত বিদ্যালয়েই তিনি ছেলেবেলায় ধ্রুপদ সঙ্গীত শিক্ষা পান।

তাঁর পরবর্তী সঙ্গীত শিক্ষা গোয়ালিয়র ও রেবা রাজ্যের সম্রাটদের পরিচিত হরিদাস স্বামীর কাছে। দীর্ঘ ১২ বৎসর তিনি হরিদাস স্বামীর কাছে বিশুদ্ধ প্রবন্ধ গান শিখেছিলেন।

তাঁর বাল্যজীবনের ধর্মগুরু ছিলেন মহম্মদ ঘাউস নামে একজন সূফী-মুসলিম সম্প্রদায়ের সাধু। এই সূত্র ধরে মনে করা যায়, তিনি মহম্মদ ঘাউসের কাছে সঙ্গীত শিখেছিলেন।

জীবিকা অর্জনের জন্য তানসেন বিভিন্ন রাজ-দরবারে সঙ্গীতজ্ঞ রূপে যোগ দিয়েছিলেন। শেরশাহের পুত্র ইসলাম শাহ্-র দরবারে তাঁর যথেষ্ট খ্যাতি হয়। এছাড়া বাঘেলখণ্ডের রাজা রামচন্দ্রের দরবারেও তানসেন দীর্ঘদিন ছিলেন। রামচন্দ্রের দরবার থেকেই সম্রাট আকবর ১৫৬২ খৃষ্টাব্দে তানসেনকে নিজের দরবার আগ্রায় নিয়ে আসেন। এখানেই তিনি শ্রেষ্ঠ গায়ক ও রচয়িতা বলে পরিচিত হন।

তানসেনের প্রথমা স্ত্রী ছিলেন জনৈকা হোসেনী ব্রাহ্মণী। তাঁর চারপুত্র ও এক কন্যা ছিল। এঁরা হোলেন যথাক্রমে, তানতরঙ্গ, সুরত সেন, সরম সেন বা শরৎ সেন, বিলাস খাঁ এবং সরস্বতী। শোনা যায়, তানসেন একাধিক বিবাহ করেছিলেন।

গোয়ালিয়র দূর্গে মহম্মদ ঘাউসের সমাধির পাশেই তানসেন-কে সমাধিস্থ করা হয়। ১৫৮৯ খৃষ্টাব্দে তানসেন দেহত্যাগ করেন।

**অবদান :**

তানসেন তাঁর বিশাল অবদানের জন্যই ভারতীয় সঙ্গীত জগতে প্রবাদ পুরুষ রূপে স্বীকৃত হয়েছেন। তাঁর রচিত গানগুলির মধ্যে প্রাচীন প্রবন্ধ গানের অনেক বিষয় জানা যায়। এই গানগুলি তানসেনের সঙ্গীত-শাস্ত্রে অভিজ্ঞতার পরিচয় দেয়।

তানসেন-রচিত ধ্রুপদ গানগুলিতে বিষয়-বৈচিত্র্যের অভাব নেই। দেব-দেবীর স্তুতি, রাজ-প্রশংসা, প্রকৃতি-বর্ণনা, প্রভৃতি বিষয়ের মধ্য দিয়ে একদিকে যেমন আমরা তাঁর কবি-প্রতিভার পরিচয় পাই, অপরদিকে, তেমনি শাস্ত্রীয় সঙ্গীতে সুরের পাশেই যে ভাষার স্থান এ বিষয়ে কোন সন্দেহ থাকে না।

প্রাচীন হিন্দু সঙ্গীতের ধারাকে গ্রহণ এবং বর্জনের মধ্য দিয়ে তানসেন যে ধ্রপদরীতি প্রচলন করেছিলেন, তা আজও প্রচলিত। আলাপ পদ্ধতিতে স্থায়ী. অন্তরা, সঞ্চারী, আভোগ এই ৪টি বিভাগের প্রচলন তাঁরই অবদান। তানসেন হলেন ধ্রুপদ সঙ্গীতের প্রবর্তক ও প্রচারক। এ ছাড়া গানের ক্ষেত্রেও তিনি ধাতুর পরিবর্তে স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ এই ৪টি তুকের নামকরণ করেন। ধাতুর বিবর্তনে এই তুকের বিষয়টি পূর্ব- পরিকল্পিত ছিল। পূর্বসূরীদের ধারাকে অবলম্বন করে তিনি ৪টি নামাঙ্কিত তুকের বিস্তার ঘটান।

জনশ্রুতি আছে যে, তিনি বিশেষ কয়েকটি রাগের পরিবেশনে ভিন্ন ভিন্ন অলৌকিক ক্রিয়ার সৃষ্টি করতে পারতেন। এই সব ঘটনার সত্যাসত্য প্রমাণ করা আজ আর সম্ভব নয়। 'দরবারী' বা 'মিঞা' এই শব্দ দুটি রাগের পূর্বে ব্যবহার করে তিনি অনেক রাগ সৃষ্টি করেছিলেন। যেমন—দরবারীকানাড়া, মিঞা কি টোড়ী, মিঞা কি মল্লার ইত্যাদি রাগ তাঁরই সৃষ্ট। দরবারী বা মিঞা এই শব্দ দুটি যুক্ত থাকে বলে আমরা রাগগুলিকে সহজেই তানসেন রচিত রাগ বলে চিহ্নিত করতে পারি।

তানসেন ভারতীয় সঙ্গীতে যে ঘরাণা-র সৃষ্টি করেছিলেন, মধ্যযুগের সঙ্গীত সমাজে তা বিশাল প্রাপ্তি বলে স্বীকৃত ছিল। কারণ, তানসেনের সেই ঘরাণা সঙ্গীত ছিল বৈজ্ঞানিক এবং শাস্ত্রীয় সূত্রের ভিত্তিতে গঠিত। কিন্তু দুঃখের বিষয় যে, সেদিনের ঘরাণা সঙ্গীত আজ অবলুপ্ত। কারণ, ঘরাণা সঙ্গীতের আঞ্চলিক বৈশিষ্ট্য এবং বাণ্ বৈশিষ্ট্য আজ আর সঙ্গীত জগতে স্থান পায় না। বর্তমানে সঙ্গীতের ঘরাণা বিষয়টি পৃথক।

তানসেন ছিলেন একজন উচ্চাঙ্গের গীতকবি। 'রাগমালা' এবং 'সঙ্গীতসার' এই দুটি গ্রন্থ তিনি রচনা করেছিলেন। আকবরের সম্পাদনায় তিনি 'রাগস্াগর' নামেও একটি গ্রন্থ লিখেছিলেন।

কণ্ঠসঙ্গীত শিল্পী রূপেই তাঁর পরিচয়ের শেষ নয়। যন্ত্র-সঙ্গীতেও তাঁর অবদান অনস্বীকার্য। 'রবাব' নামে একটি মুসলমানী বাদ্যযন্ত্র-কে তিনি ভারতীয় সঙ্গীতের অন্যতম সঙ্গীতযন্ত্র রূপে প্রচলন করেন।

সারা ভারত পরিক্রমার দ্বারা তানসেন বহু দেশের আঞ্চলিক সঙ্গীতগুলির রূপ ও রস সংগ্রহ করেন। তাঁর সকল সুরের সংরক্ষণ ভারতীয় সঙ্গীতের নূতন রূপের জন্ম দেয়। এইভাবে তানসেন ধ্রুপদ সঙ্গীতের স্নিগ্ধতা, গম্ভীরতা, উদারতা ও আভিজাত্য দ্বারা ভারতীয় সঙ্গীতকে আরও পুষ্ট, সমৃদ্ধ এবং উদ্ভাসিত করে তুলেছিলেন।

## পণ্ডিত বিষ্ণু নারায়ণ ভাতখণ্ডে

মহারাষ্ট্রের বালকেশ্বর গ্রামে ১০ই আগষ্টে ১৮৬০ খৃষ্টাব্দে এক ব্রাহ্মণ পরিবারে পণ্ডিত বিষ্ণু নারায়ণ ভাতখণ্ডের জন্ম হয়। পিতামাতার অনুপ্রেরণায় অতি অল্প বয়স থেকেই তিনি পড়াশুনার সঙ্গে সঙ্গে সঙ্গীত শিক্ষাও পেয়েছিলেন। তিনি সেতারে পারদর্শিতা লাভ করেন বল্লভদাসের কাছে। 'গায়ক উত্তেজক মণ্ডলী' নামে একটি প্রতিষ্ঠানে রাওজী বুয়ার কাছে তিনি বহু ধ্রুপদ শেখেন। পরবর্তীকালে আগ্রার আলী হোসেন ও বিলায়েৎ হোসেনের কাছে তিনি শিক্ষা গ্রহণ করেন।

ভাতখণ্ডেজী ১৮৮৩ খৃষ্টাব্দে স্নাতক ডিগ্রী লাভ করেন। ১৮৯০ খৃষ্টাব্দে তিনি আইন পরীক্ষায় উত্তীর্ণ হন। বোম্বাই শহরে তিনি আইন বৃত্তিতে প্রতিষ্ঠিত হন।

এই সময়ে তিনি সঙ্গীত বিদ্যা সম্পর্কে বিশেষ উৎসাহী হয়ে পড়েন। সঙ্গীত বিদ্যায় গবেষণার জন্য তিনি বহু সঙ্গীত গ্রন্থ এবং পত্র-পত্রিকা পাঠ করতে শুরু করেন। দাক্ষিণাত্যের বিভিন্ন স্থানে ভ্রমণ করে বহু খ্যাতনামা শিল্পীর সান্নিধ্যে আসেন। বিভিন্ন সঙ্গীত শিল্পীর সঙ্গীত শোনেন এবং তাঁদের সঙ্গে নানা আলোচনায় যোগ দেন। এই একই কারণে তিনি উত্তর ভারতেও গিয়েছিলেন। কিন্তু, তিনি কারোর কাছ থেকেই ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের রহস্যগুলির বৈজ্ঞানিক ব্যাখ্যা

উদ্ধার করতে পারেন না। ফলে ভাতখণ্ডেজীর কৌতূহলী মন তৃপ্ত হয় না।

সে যুগের সঙ্গীতজ্ঞতোপজীবীদের মধ্যে ছিল পারস্পরিক ঈর্ষার সম্পর্ক। বেশীভাগ শিল্পীগণ যেমন সঙ্গীত শাস্ত্রে অজ্ঞ ছিলেন তেমনি আবার সঙ্গীত শিক্ষায় উৎসাহী মানুষ সমাজে নিন্দিত হতেন। ভারতীয় সঙ্গীতে এই অমর্যাদা তাঁকে ভাবিয়ে তোলে।

১৯০৪ খৃষ্টাব্দ থেকে তিনি নূতন করে গবেষণার কাজে মন দেন। ভারতবর্ষের বিভিন্ন স্থান পরিক্রমা করে ভারতীয় সঙ্গীতের রূপ ও রসকে আয়ত্ত করবার চেষ্টা করেন। দক্ষিণ ভারতের ব্যাঙ্কটমুখী লিখিত 'চতুর্দ্দণ্ডী প্রকাশিকা' নামের গ্রন্থটি বোঝার চেষ্টা করেন। এই গ্রন্থটির দ্বারা তিনি অনুপ্রাণিত হন। তারই ফল স্বরূপ হিন্দস্থানী সঙ্গীতে ১০ ঠাটের সৃষ্টি হয়েছিল।

বহু স্থানে ভাতখণ্ডেজী সঙ্গীত সম্মেলন আহ্বান করেন। তাঁর প্রথম সঙ্গীত সম্মেলন হয় ১৯১৬ খৃষ্টাব্দে বরোদাতে। পরবর্তী সম্মেলনের আহ্বান করেন দিল্লীতে ১৯১৮ খৃষ্টাব্দে। এ ছাড়া বেনারস, লক্ষ্ণৌ, এলাহাবাদ প্রভৃতি স্থানে তিনি বিভিন্ন সম্মেলন করেন।

তাঁর রচিত সঙ্গীত-বিষয়ক গ্রন্থগুলির মধ্যে ৬ খণ্ডে ক্রমিক পুস্তকমালিকা, হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতি, অভিনব রাগমঞ্জরী প্রভৃতি গ্রন্থগুলি উল্লেখযোগ্য।

১৯৩৬ খৃষ্টাব্দের ১৯শে সেপ্টেম্বর পণ্ডিত বিষ্ণু নারায়ণ ভাতখণ্ডে ইহলোক ত্যাগ করেন।

**অবদান** :

সঙ্গীত শিল্পীদের অজ্ঞতা এবং সংকীর্ণমন্যতা যে সঙ্গীতকে একদিন সমাজের চোখে নিন্দার বিষয় করে তুলেছিল, ভাতখণ্ডেজী সেই সঙ্গীতকেই বিজ্ঞানভিত্তিক কলায় পরিণত করে গেছেন। তাই, আজকের শাস্ত্রীয় সঙ্গীতের যে ব্যাপ্তি, তা ভাতখণ্ডেজীরই অবদান।

সঙ্গীতের উচ্চতর শিক্ষা লাভের জন্য যদিও ভাতখণ্ডেজীর ১০ ঠাট-পদ্ধতি বিশেষ প্রয়োজনে লাগে না, তবুও একথা অনস্বীকার্য যে, সঙ্গীতের প্রাথমিক শিক্ষার পথকে সুগম করেছে ঐ ১০ ঠাট-পদ্ধতি। শাস্ত্রীয় সঙ্গীতের শিক্ষায় ভাতখণ্ডেজী পদ্ধতিই সর্বাপেক্ষা সহজ পদ্ধতি।

সঙ্গীত বিষয়ের গ্রন্থ ও প্রবন্ধগুলি ভাতখণ্ডেজীর অবিস্মরণীয় অবদান বলে গৃহীত হয়েছে।

সঙ্গীত শিক্ষার্থীগণ যাতে সহজেই একটি রাগকে চিনতে পারে, সেজন্য শাস্ত্রীয় সঙ্গীতে 'পকড়' নামে যে স্বর সঞ্চালনের পদ্ধতি প্রচলিত আছে, তা ভাতখণ্ডেজীরই সৃষ্টি।

সঙ্গীতের সংরক্ষণের জন্য তিনি একটি সহজ স্বরলিপি পদ্ধতির সৃষ্টি করেন। এই পদ্ধতিটি আজও ভাতখণ্ডেজী স্বরলিপি পদ্ধতি বলে প্রচলিত।

সঙ্গীত শাস্ত্রে একটি রাগের যে লক্ষ্মণগুলির উল্লেখ আছে, সেগুলিকে সহজেই মনে রাখার জন্য তিনি লক্ষ্মণ-গীত (গানের কথার মধ্য দিয়ে রাগের লক্ষণগুলির প্রকাশ) সৃষ্টি করেছিলেন।

বৈজ্ঞানিক প্রথায় সঙ্গীত শিক্ষা দেবার জন্য তিনি গোয়ালিয়রে 'মাধব সঙ্গীত মহাবিদ্যালয়' এবং বরোদায় 'মিউজিক কলেজ অব বরোদা' নামে দুটি সঙ্গীত শিক্ষায়তন স্থাপন করেছিলেন। তবে, এ বিষয়ে যথেষ্ট মতান্তর রয়েছে।

সর্বোপরি, ভাতখণ্ডেজীর জন্যই জনসাধারণ সঙ্গীত সম্মেলন বিষয়টি সম্পর্কে অবগত হতে পেরেছিল। সঙ্গীত সম্মেলন মজলিস নয়। সঙ্গীতের ব্যবহারিক ও শাস্ত্রগত উভয়দিকের আলোচনা ও উপস্থাপনাই সঙ্গীত সম্মেলনের প্রকৃত উদ্দেশ্য। তাঁর বরোদাতে অনুষ্ঠিত প্রথম সঙ্গীত সম্মেলন সেদিন এ কথাই প্রমাণ করেছিল।

উত্তর ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত জগতে ভাতখণ্ডেজীর অবদান আজও। হয়ে আছে।

# সদারঙ্গ

**জীবনী** :

সদারঙ্গ ছিলেন তানসেনের কন্যা সরস্বতীর বংশধর। সরস্বতীর দ্বিতীয় পুত্র হাসান খাঁ থেকে এই বংশ শুরু হয়। সদারঙ্গ এই বংশের লাল খাঁ-র পুত্র এবং খুশহাল খাঁ-র পৌত্র ছিলেন। আউরঙ্গজেবের রাজত্বকালে সদারঙ্গ জন্মগ্রহণ করেছিলেন। তাঁর প্রকৃত নাম ছিল ন্যামৎ খাঁ।

তানসেনের পুত্রবংশীয় গোলাব খাঁ-র গানের সঙ্গে সদারঙ্গ বীণা বাজাতেন।

তখনকার দিনে বাদকদের আসন থাকত গায়কের পিছনে। সম্ভবতঃ এই বিষয়টি পছন্দ না হওয়ায় তিনি মহম্মদ শাহ্-র রাজ দরবার ত্যাগ করেছিলেন। মহম্মদ খাঁ-র দরবারে ন্যামৎ খাঁ রবাবী ও বীণকার পদে নিযুক্ত ছিলেন। রাজদরবার ত্যাগ করবার বিষয়ে বহু কাহিনী প্রচলিত আছে। রাজ-দরবার থেকে বিদায় নিয়ে তিনি সদারঙ্গ নাম গ্রহণ করে খেয়াল গান রচনা করতে শুরু করেন।

সদারঙ্গের দুটি পুত্র ছিল। এঁরা হলেন অদারঙ্গ ও মহারঙ্গ। দুজনেই ছিলেন বীণকার। মহারঙ্গ জীবন খাঁ ও প্যার খাঁ নামে দুজন সুদক্ষ বীণকার তৈরী করেছিলেন। মহম্মদ শাহ্-র দরবারে এঁরা দুজনেই ছিলেন শেষ বীণকার।

শোনা যায়, দুজন ভিক্ষুক বালককে তিনি সঙ্গীত শিক্ষা দিয়েছিলেন। কিছুদিন পরে মহম্মদ শাহ্ ঐ দুটি বালকের কণ্ঠে সদারঙ্গ রচিত অভিনব রীতির খেয়াল গান শুনে সদারঙ্গকে নিজ দরবারে আহ্বান করেন এবং বিশেষ সম্মানে তাঁকে সভায় স্থান দেন। মহম্মদ শাহ্-র নির্বাচিত নাম ''শাহ্ সদারঙ্গ'' নামেই ন্যামৎ খাঁ সেই সময় থেকে পরিচিত হতে শুরু করেন। তাঁর রচিত গানগুলি আজও সদারঙ্গ ী খেয়াল বা শাহ্ সদারঙ্গী খেয়াল নামে প্রচলিত। মহম্মদ শাহ্-র দরবারে তিনি খেয়াল গানই পরিবেশন করতেন। ঐ দুই বালকই পরবর্তীকালে জান রসুল এবং গোলামরসুল নামে প্রসিদ্ধ হয়েছিলেন। এঁরাই ছিলেন সদারঙ্গের খেয়াল রীতির প্রচারক। এইভাবে, সদারঙ্গের পরবর্তী শিষ্য ও বংশাবলীর জন্যই খেয়াল গানের বিশেষ প্রচার লাভ ঘটে।

শুধুমাত্র খেয়াল রচনা ও পরিবেশনেই সদারঙ্গের প্রতিভার শেষ ছিল না। ধামার গানে তাঁর বিশেষ কৃতিত্বের কথাও জানা যায়। তাঁর রচিত বহু ধামার আজও প্রচলিত আছে।

মহম্মদ শাহ্-র রাজত্ব কাল পর্যন্ত সদারঙ্গ জীবিত ছিলেন বলে জানা যায়।

**অবদান :**

'কলাবন্তী খ্যাল' গান সৃষ্টির মধ্য দিয়ে শাহ্ সদারঙ্গ ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতে যুগান্তর এনে দিয়েছিলেন। তিনি হিন্দু সঙ্গীতের রাগরূপকে বজায় রাখার জন্য এই কলাবন্তী খেয়াল রচনা করেছিলেন, যা আজও প্রাণবন্ত। তাঁর অবদানের জন্যই খেয়াল গান ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতরূপে স্বীকৃতি পেয়েছিল। সদারঙ্গের পূর্ববর্তী খেয়াল গানের লয় ছিল মধ্য ও দ্রুত। সদারঙ্গ খেয়াল গানের গতিকে

কিঞ্চিৎ শ্লথগতিসম্পন্ন করেছিলেন যার মধ্যে ভারতীয় রাগ-রাগিনী স্ব-রূপে বিরাজ করতে পারে। এছাড়া পূর্বের খেয়ালে তুক্ সংখ্যা নির্দিষ্ট থাকত না। সদারঙ্গ খেয়াল গানের দুটি অঙ্গ প্রতিষ্ঠিত করেছিলেন। খেয়াল গানে ঐ দুটি অঙ্গ "স্থায়ী" ও "অন্তরা" নামে এখনও প্রচলিত।

খেয়াল গানের তুক্‌কে সীমাবদ্ধ করলেও তিনি সেই সংক্ষিপ্ত গণ্ডীর মধ্যেই প্রতিটি গানে এক একটি ভাবকে প্রকাশ করেছেন। তাই পূর্বের যে খেয়াল গানের বিষয় ছিল শুধুমাত্র প্রেম, তা সদারঙ্গের কল্পনায় বিভিন্ন রূপ পেয়েছিল। গানের বিষয়বস্তুগুলি যথাক্রমে ঋতু-বর্ণনা, মানবিক গুণবর্ণনা, ভক্তিভাব, রাধাকৃষ্ণ প্রেমের সহজ সমুজ্জ্বল রূপ, মানবিক প্রেম প্রভৃতি ভাবকে কেন্দ্র করে গড়ে উঠেছে। পরবর্তী রচয়িতাগণও সদারঙ্গের এই রচনাগুলি দ্বারা অনুপ্রাণিত হয়ে এই বিষয়গুলিকে কেন্দ্র করে গান রচনা করেছেন।

সদারঙ্গের রচনার ভাষা কোন সাহিত্যিক সমৃদ্ধিসম্পন্ন কাব্যিক ভাষা ছিল না। তিনি ব্রজভাষা এবং অন্যান্য লৌকিক ভাষার মিশ্রণে গান রচনা করেছিলেন। তিনি তাঁর রচনায় সাহিত্যিক মূল্যকে প্রধান করেননি, গানের কথাগুলি যাতে গমক, তান, বিস্তার, বোল প্রভৃতির বাহন হতে পারে সেদিকেই তিনি বেশী নজর দিয়েছেন। তাঁর গানের কথা কোথাও সুরকে ভারাক্রান্ত করেনি।

সদারঙ্গের পূর্বের ধামার গানে তেমন কোন বৈচিত্র্য ছিল না। কারণ ধামার একটি ধর্মীয় গান বলেই ব্যবহৃত হতো। ধামার গানে রস বৈচিত্র্য সৃষ্টিও সদারঙ্গের একটি বিশেষ অবদান।

শাহ্-সদারঙ্গের অসাধারণ অবদানের জন্যই খেয়াল গানের ধারাটি ভারতীয় য় সঙ্গীতে বর্তমানেও অব্যাহত আছে।

## কাজী নজরুল ইস্‌লাম

১ পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার অন্তর্গত চুরুলিয়া গ্রামে ১৮৯৯ খৃষ্টাব্দের ২৪শে মে তারিখে নজরুল ইস্‌লাম জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পিতার নাম ফকির আহম্মদ এবং মাতার নাম জহেদা খাতুন। শৈশবের নাম ছিল দুখু মিঞা। খুব

অল্পবয়সেই নজরুল মাতৃপিতৃহীন হয়েছিলেন। বাল্যকাল থেকেই তিনি ধর্মের প্রতি অনুরাগী ছিলেন। মাত্র ১০ বৎসর বয়সে তিনি নিম্ন প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন।

মাত্র ১১ বৎসর বয়সে নজরুল অর্থ উপার্জনের জন্য 'লেটো' দলে গায়ক হয়ে যোগ দেন। এরপর কিছুদিন আসানসোলের একটি রুটির দোকানে ৮ টাকা বেতনে তিনি কাজ করতেন। সৌভাগ্যবশত তিনি মৈমনসিংহে গিয়ে পড়াশুনার সুযোগ পান। এর ১ বৎসর পরে তিনি রাণীগঞ্জের বিদ্যালয়ে পড়তে আসেন।

১৭ বৎসর বয়সেই নজরুল ভারতের স্বাধীনতার স্বপ্ন দেখতে শুরু করেন। এই সময়ে তিনি প্রথম মহাযুদ্ধে বেঙ্গল রেজিমেণ্টে যোগ দেন। ১৯১৬ খৃষ্টাব্দের সেপ্টেম্বরে ৪৯ নং বাঙালী পল্টনে যোগ দেন। ১৯১৬-১৯ এই তিন বৎসর তিনি সেনাদলে ছিলেন।

নজরুল, ইংরাজ সরকারের কাছ থেকে পাওয়া সাব-রেজিস্টারের চাকরী প্রত্যাখ্যান করেছিলেন। ১৯১৯ খৃষ্টাব্দে তিনি সাহিত্য রচনায় মন দেন। "ধূমকেতু" নামে একটি পত্রিকার সম্পাদনা করে ১৯২৪ খৃষ্টাব্দে তিনি কারারুদ্ধ হয়েছিলেন। ১ বৎসর পর জেল থেকে ফিরে নজরুল প্রমীলা দেবীকে বিবাহ করে সংসারী হন। সংসারের অভাব অনটন এবং পুত্রদের মৃত্যুতে তিনি অশান্তিতে দিন কাটান। কিন্তু তিনি সাহিত্য ও সঙ্গীত চর্চাকে কখনও ত্যাগ করেননি।

১৯৪২ খৃষ্টাব্দে তিনি দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হয়ে বাহ্যজ্ঞান হারান। কর্মক্ষমতাহীন নজরুলের জীবন ধীরে ধীরে শেষ হয়ে আসতে থাকে। ১৯৭৬ খৃষ্টাব্দের ২৯শে আগষ্ট বাংলাদেশে তিনি ইহলোক ত্যাগ করেন।

**গানের বৈশিষ্ট্য :**

নজরুল ছিলেন একাধারে জনপ্রিয় ও প্রতিভাবান গীতিকার, সুরকার ও গায়ক। সঙ্গীত জগতে তাঁর অবদান বহুমুখী।

স্বদেশী গান আঁইন অমান্য আন্দোলনে ভারতবর্ষের জনসমুদ্র যেদিন গর্জে উঠেছিল, কবির বিদ্রোহী সত্তা সেদিন গেয়েছিল—

"কারার ঐ লৌহ কপাট, ভেঙ্গে ফেল কর্‌রে লোপাট ........।"

দেশবাসীকে সতর্ক করলো তাঁর কণ্ঠ —

"দুর্গম গিরি কান্তার মরু, দুস্তর পারাবার হে ......।"

সমস্ত দেশাত্মবোধক গানগুলিতে তিনি একদিকে যেমন বর্ণবিদ্বেষ, সাম্প্রদায়িক ভেদাভেদ ভুলে দেশ স্বাধীন করার চিন্তা করেছেন, আবার তেমন দেশের শ্রীহীন দৈন্য তাঁকে পীড়িতও করেছে।

*প্রাকৃতিক গান* — ঈশ্বর প্রদত্ত প্রকৃতিকে নিবিড় করে নজরুল অনুভব করেছেন তাঁর রচনার মধ্যে। যেমন,

"পলাশ ফুলের মউ পিয়ে ঐ ......।"

"এস বসন্তের রাজা .......।"

"পিউ পিউ বোলে পাপিয়া ........।" ইত্যাদি।

*শ্যামাসঙ্গীত* — এই নিখিলের আরাধ্যা মহাশক্তিকে তিনি নানাভাবে আরাধনা করেছেন বিভিন্ন শ্যামাসংগীতের মধ্য দিয়ে। যেমন,

"আমার কালো মেয়ের পায়ের তলায় ......।"

"মহাকালের কোলে বসে .......।"

*বিদেশী ঢং-এর গান* — পারসীয়, প্রেমসঙ্গীত গজল-কে অনুসরণ করে নজরুল নতুনরূপে আরবী, পারসী শব্দযুক্ত বাংলা গান তৈরী করেছিলেন। তাঁর রচিত—

"বাগিচায় বুলবুলি তুই ......।"

"আমারে চোখ ঈশারায় .......।' প্রভৃতি গজলগুলি যথেষ্ট জনপ্রিয় হয়েছে।

*লোকসঙ্গীত* — বাউল, সারি, ভাটিয়ালী, ঝুমুর প্রভৃতি গানের সুর হলো বাংলার প্রাণ। এই গানগুলির সুর গ্রহণ-বর্জনের মধ্য দিয়ে তিনি নিজের কথায় রচনা করলেন —

"আমি ভাই ক্ষেপা বাউল ......।" (বাউল)

"আমি গহীন জলের নদী ......।" (ভাটিয়ালী)

"হলুদ গাঁদার ফুল .......।" (সাঁওতালী) ইত্যাদি গান।

*রাগসঙ্গীত* — রাগ রাগিণীকে কেন্দ্র করে নজরুল বহু বাংলা গান রচনা করেন। যেমন —

"শোনলো বাঁশীতে ডাকে .....।" (মালকোস)

"শূন্য এ বুকে পাখী মোর .....।" (ছায়ানট) প্রভৃতি গান সঙ্গীত শাস্ত্রে তাঁর অগাধ জ্ঞানের কথা মনে করায়। এছাড়া, আশা-ভৈরবী, উদাসী-ভৈরব, সন্ধ্যামালতী প্রভৃতি বহু লুপ্ত রাগ তিনি উদ্ধার করেছিলেন।

***ইস্‌লামী গান***—বাংলা ভাষায় ইস্‌লামী গানের প্রবর্তন করেন নজরুল। তাঁর রচিত,

"ও মন, রমজানের ঐ রোজার শেষে .....।"

"এলো খুশীর ঈদ .......।" প্রভৃতি গানগুলি ইস্‌লামী ঐতিহ্যকেই প্রকাশ করেছে।

***হাসির গান***—নজরুলের গানে কৌতুক প্রবণতাও উপভোগ্য। যেমন—

"বদনা গাড়ুতে গলাগলি করে ......।"

"তোমারি জেলে পালিছ ঠেলে .....।" প্রভৃতি গানগুলিতে হাস্যরসের মধ্য দিয়ে তিনি শাসকদের সুন্দরভাবে বিদ্রুপ করেছেন।

সীমিত সময়ের মধ্যেও নজরুল বহু গান রচনা করেছেন। তাঁর অসংখ্য রচনার সঠিক মূল্যায়ন সম্ভব না হলেও, এ কথা বলা যায় যে, কামনা, বাসনা, মোহ, প্রেম, সুখ, দুঃখ সব কিছুর মধ্য দিয়ে মহাজীবনকে উপলব্ধি করার জন্য যে ব্যাকুলতা—তারই অনবদ্য প্রকাশ ঘটেছে নজরুল সঙ্গীতে।

# অতুলপ্রসাদ সেন

১৮৭১ খৃষ্টাব্দে ২০শে অক্টোবর ঢাকার একটি ব্রাহ্ম পরিবারে অতুলপ্রসাদ সেনের জন্ম হয়। তাঁর পিতা ছিলেন রাম প্রসাদ সেন। অতি অল্পবয়সেই অতুলপ্রসাদ পিতৃহীন হয়ে মাতামহের কাছে থেকে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন।

এরপর কলিকাতায় এসে প্রেসিডেন্সী কলেজের শিক্ষা শেষ করে ১৮৯৪ খৃষ্টাব্দে ইংলণ্ড থেকে ব্যারিষ্টার হয়ে দেশে ফেরেন।

লক্ষ্ণৌ শহরে তিনি আইন নিয়ে তাঁর কর্মজীবন শুরু করেন। এই সময় তিনি

জনকল্যাণমূলক কাজে আত্মনিয়োগ করেন। তাঁর সম্পত্তির প্রায় সব অংশই তিনি জনকল্যাণের জন্য দান করে গিয়েছিলেন।

বর্তমানে আমরা যে 'নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলন' ভারতবর্ষের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হতে দেখি, তা গঠনের মূলে ছিলেন অতুলপ্রসাদ সেন।

অতুলপ্রসাদের রচিত গানগুলি "কাকলী", "গীতগুঞ্জ" এবং "কয়েকটি গান" এই তিনটি বইতে সংকলন করা হয়েছে। লক্ষ্ণৌতে কর্মবহুল জীবনের মধ্যেই তিনি সঙ্গীত রচনায় মন দিয়েছিলেন।

হিন্দু-মুসলমান সকলকেই তিনি ভালবাসতেন। শোনা যায়, এই কারণেই তাঁর মৃতদেহ হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষই বহন করেছিলেন। ১৯৩৪ খৃষ্টাব্দে ২৬শে আগষ্ট তিনি ইহলোক ত্যাগ করেছিলেন।

**গানের বৈশিষ্ট্য :**

খুব বেশী সংখ্যক না হলেও অতুলপ্রসাদের কাব্যসঙ্গীত রচনা ও সুর প্রয়োগ, তাকে সঙ্গীত জগতে বিশিষ্ট স্থান দিয়েছে। অতুলপ্রসাদের গানের বৈশিষ্ট্যগুলি নিম্নলিখিতভাবে আলোচনা করা যায় —

***স্বদেশী গান***—বিদেশী শাসনে জর্জরিত দেশবাসীর মনে স্বাদেশিকতার প্রেরণা জাগাতে অতুলপ্রসাদ রচনা করলেন,

"উঠগো ভারত লক্ষ্মী ......।"

"হও ধরমেতে ধীর, হও করমেতে বীর ......।"

"বল বল বল সবে ......।" প্রভৃতি গান।

***টপ্পা ও ঠুংরীর ঢং***—অতুলপ্রসাদের গানে টপ্পার করুণ তান, ঠুংরীর সুন্দর আমেজ আমরা শুনতে পাই। এর মধ্যে,

"কে যেন আমারে বারে বারে ......।"

"তবু তোমারে ডাকি বারে বারে ......।" প্রভৃতি গান টপ্পার করুণ রসে হৃদয়-স্পর্শী হয়ে উঠেছে। বাংলা গানেও যে কত সুন্দরভাবে ঠুংরীর ঢং আনা যায়, তার প্রমাণ অতুলপ্রসাদের

"ওগো আমার নবীন সাথী ........।"

"কে আবার বাজায় বাঁশী ........।" প্রভৃতি রচনাগুলি।

***রাগসঙ্গীত ও অন্যান্য সুর***—বাংলা রাগপ্রধান গানের সার্থক স্রষ্টা হলেন অতুলপ্রসাদ সেন। হিন্দুস্থানী রাগ-রাগিণীকে সুকৌশলে বাংলা ভাষায় আবদ্ধ করে তিনি সতন্ত্র ধারার সৃষ্টি করেছিলেন। যেমন,

"বঁধূ নিদ নাহি আঁখি পাতে .....।" (বেহাগ)

"কাঙাল বলিয়া করিও না হেলা .......।" (খমাজ) প্রভৃতি গানগুলি উল্লেখযোগ্য।

তাঁর "ক্ষমিও হে শিব ......," গানটিতেই একমাত্র ধ্রুপদ সঙ্গীতের ভাব পাওয়া যায়।

কীর্তন গানের সুরে রচিত গানগুলির মধ্যে তাঁর,

"যদি তোর হৃদ-যমুনা .........।"

"ওগো সাথী মম সাথী .....।" প্রভৃতি গানগুলি উল্লেখযোগ্য।

অতুলপ্রসাদের বাউল ও কীর্তনের সুরের মিশ্রণে সৃষ্টি,

"আর কতকাল থাকব বসে .......।"

"মেঘেরা দল বেঁধে যায় ......।" প্রভৃতি গানগুলি একটি স্বতন্ত্র দিক্ নির্ণয় করে।

এছাড়া, গজল, কাজরী, লগনী, পল্লীগীতি প্রভৃতি সব প্রকৃতির গানেই তিনি স্বকীয়তা ও নিপুণতার অধিকারী। প্রাকৃতিক গানের মধ্যে বর্ষা ও বসন্তের গান রচনায় তিনি ছিলেন সার্থক স্রস্টা। কীর্তন ও বাউল গানে সুর সৃষ্টিতে অতুলপ্রসাদ রবীন্দ্রনাথ দ্বারা প্রভাবিত হয়েছিলেন। তাঁর দেশাত্মবোধক গানেও আমরা দ্বিজেন্দ্রলাল রায়ের ছোঁয়া পাই। কাব্যিক সংগতি না থাকলেও তাঁর গানে ভাষার ব্যবহারে যথেষ্ট স্নিগ্ধতা লক্ষ্য করা যায়।

অতুলপ্রসাদের গানের ভাবে রয়েছে একাকীত্ব — যা ব্যথার অভিব্যক্তিতে করুণ রসের সৃষ্টি করে। তাঁর গানের আত্ম-নিবেদনের কথা ও সুর তাঁকে চিরন্তন করেছে।

# কবি জয়দেব

**জীবনী :**

পশ্চিমবঙ্গের বীরভূম জেলার অন্তর্গত কেন্দুবিল্ব গ্রামে খ্রীষ্টীয় ১২শ শতকে কবি জয়দেব গোস্বামী জন্মগ্রহণ করেছিলেন। কেন্দুবিল্ব গ্রামটি অজয় নদীর উত্তরদিকে অবস্থিত। পরবর্তীকালে কেন্দুবিল্ব চলিত ভাষায় 'কেন্দুলী' বা 'কেঁদুলী' নামে পরিচিত হয়। জয়দেবের জন্য এই গ্রামটিকে 'জয়দেব কেঁদুলী'-ও বলা হয়। আজও পৌষসংক্রান্তিতে এই গ্রামে 'কেঁদুলী মেলা' নামে একটি বাৎসরিক মেলার প্রচলন আছে।

কবি জয়দেব ছিলেন বঙ্গদেশ জাত বাঙালী। তাঁর জীবন-চরিত সম্পর্কে তেমন কিছু তথ্য পাওয়া যায় না। কবি রচিত গীতগোবিন্দের দ্বাদশ সর্গের ২৯নং শ্লোকটি থেকে জানা যায় যে, তাঁর পিতার নাম ছিল ভোজদেব এবং মাতার নাম ছিল বামাদেবী এবং প্রিয় সখা ছিলেন অষ্টপদী গায়ক পরাশর। আবার, দশম সর্গের দশম শ্লোক থেকে জানা যায়, তাঁর পত্নীর নাম ছিল পদ্মাবতী। শোনা যায়, তিনি পুরীর জগন্নাথ মন্দিরে বেশ কিছু দিন বাস করেছিলেন। মিথিলা ও উড়িষ্যাবাসী জয়দেবকে ঐ দেশীয় বলে দাবী করেন। তবে জয়দেবকে অ-বাঙালী মনে করবার মত যথেষ্ট যুক্তি আজও পাওয়া যায় না। কবি জয়দেব ছিলেন লক্ষ্মণ সেন দেবের অন্যতম সভাকবি।

জয়দেব রচিত 'গীতগোবিন্দে' আমরা বহু রাগ, তাল, ছন্দের সমাবেশ দেখতে পাই। এই পদ গানগুলি প্রমাণ করে যে, তিনি একাধারে, কবি, সঙ্গীতজ্ঞ এবং ভক্ত ছিলেন। তাঁর ভক্ত হৃদয়ের অনুভূতির বহিঃপ্রকাশ ঘটেছে অষ্টপদী বা গীতগোবিন্দের সুন্দর ও মধুর রচনাগুলির মধ্য দিয়ে।

বিভিন্ন গ্রন্থে পদ্মাবতীকে পুরীধামে জগন্নাথ মন্দিরের দেবদাসী বলে বর্ণনা করা হয়েছে। গীতগোবিন্দে জয়দেব নিজের পরিচয় দিয়েছেন 'পদ্মাবতীচরণ চারণ চক্রবর্তি' বলে। এ থেকে বোঝা যায়, তিনি পদ্মাবতীর নৃত্য ও গীতছন্দে তাল রক্ষা করতেন। এই সূত্র থেকে আমরা আর একটি বিষয় জানতে পারি যে, সেই সময়ে কীর্তন গানে মৃদঙ্গ (বর্তমানের পাখোয়াজ) ছন্দের ও গীতভঙ্গীর তালে তালে নৃত্যের প্রচলন ছিল। আমরা জানি, নৃত্য কীর্তন গানের প্রধান অঙ্গ নয়।

তবে ভাব ও ছন্দের মাধুর্য সৃষ্টিতে তা পরম সহায়ক। এই উৎসক্ষেত্র থেকেই পরবর্তীকালে বৈষ্ণব পদ গানের সঙ্গে নৃত্যের প্রচলন হয়।

গীতগোবিন্দের পদ গান শ্রীরাধাকৃষ্ণের অপার্থিব লীলামাধুর্যকেই প্রকাশ করেছে। শ্রীচৈতন্যদেব, বিদ্যাপতি, চণ্ডীদাস, বিল্বমঙ্গল, প্রত্যেকেই জয়দেবের গীতগোবিন্দের পদগানের পরম অনুরাগী ছিলেন। জয়দেবের 'গীতগোবিন্দ' শ্রীরাধাকৃষ্ণের বিচিত্র রসলীলা ভক্তহৃদয়ে রসানুভূতির ক্ষেত্রে এক অনির্বচনীয় ভাবের সৃষ্টি করে।

বৈষ্ণব পদাবলী কীর্তনের অন্যতম উৎসক্ষেত্র হলো জয়দেব রচিত আদি রসাত্মক 'গীতগোবিন্দ'। পরবর্তীকালে রাধাকৃষ্ণের লীলাকাহিনীর পটভূমিকায় যে সব পদাবলী সৃষ্টি হয়েছে, সেগুলির আদর্শ এবং উপকরণ এই 'গীতগোবিন্দ' থেকেই গৃহীত হয়েছে। তাই, জয়দেব বাংলা সাহিত্যের আদি কবি বলে স্বীকৃত হয়েছেন। বাংলা সাহিত্য এবং সঙ্গীতের ইতিহাসে জয়দেব আদি ও মধ্যযুগের মিলনসেতু রূপে আজও বিরাজমান। লোকশিক্ষার ক্ষেত্রে 'গীতগোবিন্দ' জয়দেবের বিশাল অবদান রূপে স্বীকৃত।

## রবীন্দ্রনাথ ঠাকুর

১৮৬১ খৃষ্টাব্দের ৮ই মে, বাংলার ১২৬৮ খৃষ্টাব্দের ২৫শে বৈশাখ কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর বাড়ীতে রবীন্দ্রনাথ ঠাকুর জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং মাতা ছিলেন সারদা দেবী।

বিদ্যালয়ের গতানুগতিক শিক্ষা ব্যবস্থাকে তিনি কোনদিনই গ্রহণ করতে পারেননি। খুব অল্পবয়সেই বিদ্যালয়ের সঙ্গে সম্পর্ক ত্যাগ করে পিতা ও গৃহ শিক্ষকদের কাছেই বিদ্যাচর্চা শুরু করেন।

শৈশব থেকেই রবীন্দ্রনাথ কবিতা লেখা শুরু করেন। ১২/১৩ বৎসর বয়সেই তাঁর রচনা প্রকাশিত হয়। এইভাবে তিনি সন্ধ্যাসঙ্গীত, সোনারতরী, চিত্রা, বলাকা, ইত্যাদি কাব্যগ্রন্থ, বউঠাকুরাণীর হাট উপন্যাস, বাল্মীকি প্রতিভা, মায়ার খেলা ইত্যাদি গীতিনাট্য, ও অজস্র সঙ্গীত রচনা করেছিলেন।

১৮৮৩ খৃষ্টাব্দের ৯ই ডিসেম্বর কবির বিবাহ হয়।

১৯০১ খৃষ্টাব্দে তিনি শান্তিনিকেতনে ব্রহ্মচর্যাশ্রম নামে একটি বিদ্যালয় স্থাপন করেন—যা পরবর্তীকালে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় নামে পরিচিত হয়েছে। ব্রহ্মচর্যাশ্রম গঠনের কয়েক বৎসর পর তাঁর স্ত্রী, মধ্যমা কন্যা এবং কণিষ্ঠ পুত্রের মৃত্যু হয়।

১৯০৫ খৃষ্টাব্দে তিনি লেখার মাধ্যমে বঙ্গভঙ্গ আন্দোলনকে সমর্থন করলেন।

১৯১০ খৃষ্টাব্দে "গীতাঞ্জলি" রচিত হয়। ১৯১৩ খৃষ্টাব্দে এই কাব্যগ্রহন্থটির জন্য তিনি সাহিত্যে নোবেল পুরস্কার পান এবং বিশ্বকবিরূপে পরিচিত হন। এই একই সময়ে কলিকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে ডি. লিট উপাধিতে ভূষিত করে।

ভারতীয় সংস্কৃতির প্রতিনিধিরূপে তিনি বিশ্বের বহু স্থানে পরিভ্রমণ করেন। ১৯১৯ খৃষ্টাব্দে তিনি জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে ঔপনিবেশিক প্রশাসন প্রদত্ত 'স্যার' খেতাব পরিত্যাগ করেছিলেন।

১৯৩২ খৃষ্টাব্দে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের প্রধান অধ্যাপক পদে নিযুক্ত হন। এই সময় তিনি বহু স্থানে গীতিনাট্য ও নৃত্যনাট্য মঞ্চস্থ করেন।

১৯৪০ খৃষ্টাব্দে রবীন্দ্রনাথকে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ডক্টর উপাধি দেয়।

রবীন্দ্রনাথের অতুলনীয় রচনা-সম্পদ তাঁর বহুমুখী প্রতিভার পরিচয় দেয়। তাঁর গানের বইগুলির মধ্যে 'গীতবিতান', 'গীতাঞ্জলি' প্রভৃতি উল্লেখযোগ্য। শাপমোচন, শ্যামা, বাল্মিকীপ্রতিভা, ঋতুরঙ্গ, চিত্রাঙ্গদা প্রভৃতি গীতধর্মী নাটক এবং নৃত্যধর্মী নাটক। এছাড়া রবীন্দ্রনাথ রচিত গদ্য উপন্যাস, সাহিত্য পত্রাবলী প্রভৃতি বহুভাগে রচনাবলীতে ভাগ করা হয়েছে। রবীন্দ্রসঙ্গীতগুলিও স্বরলিপি আকারে 'স্বরবিতান' নাম দিয়ে প্রকাশিত হয়েছে।

১৯৪১ খৃষ্টাব্দে কবি রবীন্দ্রনাথ অসুস্থ হয়ে পড়েন। এই সময়েই ৭ই আগষ্ট তিনি ইহলোক ত্যাগ করেন।

**বাল্যজীবনে সাঙ্গীতিক পরিবেশে রবীন্দ্রনাথ :**

বলা বাহুল্য যে, ঠাকুর পরিবারের সাঙ্গীতিক পরিবেশ রবীন্দ্রনাথের সঙ্গীত জীবনের অনেকটা স্থান জুড়ে রয়েছে। মহর্ষি দেবেন্দ্রনাথ উচ্চাঙ্গ সঙ্গীতের বিশেষ অনুরাগী ছিলেন। কবির পিতা এবং দাদা বহু ব্রহ্মসংগীত রচনা করেছিলেন।

পারিবারিক পরিবেশেই রবীন্দ্রনাথ প্রাচ্য ও পাশ্চাত্তের সুর সমানভাবে গ্রহণ করতে শিখেছিলেন।

সে যুগের অভিজাত পরিবার সঙ্গীত বিদ্যাকে যথেষ্ট সম্মান দিতেন। জোড়াসাঁকোর ঠাকুর বাড়ীতে সঙ্গীতের বহু ঘরোয়া বৈঠক বসতো। বড় বড় ওস্তাদদের হিন্দুস্থানী সঙ্গীত সেই বাল্যকাল থেকেই তাঁর মনে রেখাপাত করেছিল।

বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে রবীন্দ্রনাথের সঙ্গীত শিক্ষার সুব্যবস্থা করা হয়েছিল। মহর্ষি দেবেন্দ্রনাথ তৎকালীন বিখ্যাত গায়ক বিষ্ণু চক্রবর্তী, শ্রীকণ্ঠ সিংহ, যদুভট্ট, রাধিকা গোস্বামী, প্রমুখকে শিক্ষকের পদে নিযুক্ত করেছিলেন। রবীন্দ্রনাথের সঙ্গীত জীবনে সঙ্গীত শিক্ষকদের যথেষ্ট অবদান থাকলেও একথা অনস্বীকার্য যে, শিক্ষকরূপে একমাত্র জ্যোতিরিন্দ্রনাথ ছাড়া অন্য কেউই তাঁর জীবনে ব্যাপক প্রভাব বিস্তার করেননি। এই অগ্রজ সম্পর্কে তিনি বলেছেন,

"জ্যোতিদাদা, যাঁকে আমি সকলের চেয়ে মানতুম, বাইরে থেকে তিনি আমাকে কোন বাঁধন পরাননি। আমার আপন মনের স্বাধীনতার দ্বারাই তিনি আমার চিত্ত বিকাশের সহায়তা করেছেন।"

এছাড়া, রবীন্দ্রনাথের সঙ্গীত জীবনে তাঁর অন্য দাদাদের ভূমিকাও গুরুত্বপূর্ণ। দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ, সোমেন্দ্রনাথ প্রত্যেকেই ছিলেন সঙ্গীতের একনিষ্ঠ উপাসক।

শিশুবয়স থেকেই "রবি আমাদের বাংলাদেশের বুলবুল"। মহর্ষি দেবেন্দ্রনাথের এই উক্তি থেকেই বোঝা যায় যে, অতি অল্প বয়স থেকেই রবীন্দ্রনাথ তাঁর পিতার উৎসাহ ও প্রেরণাতেই সঙ্গীতকে ভালবাসতে শিখেছিলেন। বিভিন্ন পরিবেশে পুত্রের গান শুনে তিনি পুরস্কৃত করতেন। এইভাবে শিশু রবীন্দ্রনাথ উৎসাহে মেতে উঠতেন আগামী রচনায়।

মহর্ষি দেবেন্দ্রনাথের সময় থেকেই ঠাকুর বাড়ীর গৌরব বিস্তার লাভ করলেও, সাংস্কৃতিক চেতনার সূচনা হয় রবীন্দ্রনাথের পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের সময় থেকেই। পিতামহের সেই ধারাকেই কবি রবীন্দ্রনাথ অনেক দূরে এবং বিচিত্র পথে প্রবাহিত করেছিলেন।

জোড়াসাঁকো ঠাকুর পরিবারের সাঙ্গীতিক পরিবেশ দ্বারা প্রভাবিত হয়েছিলেন বলেই রবীন্দ্র-প্রতিভা আজ শুধু বাংলাদেশেই নয়, বিশ্বের সম্পদরূপে গণ্য হয়েছে।

**রবীন্দ্রসঙ্গীতে হিন্দুস্থানী সঙ্গীতের প্রভাব :**

"হিন্দুস্থানী সঙ্গীত আমি সর্বান্তঃকরণে ভালবাসি---আজ বলে নয়, বাল্যকাল থেকেই। মনে করি ভালবাসা উচিত।" রবীন্দ্রনাথের এই উক্তি থেকেই বোঝা যায় যে, জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের হিন্দুস্থানী সঙ্গীত পরিবেশই তাঁকে ঐ গানের রসিক হতে সাহায্য করেছিল।

বাড়ীতে বিভিন্ন উৎসবে শিশুরা উচ্চাঙ্গ সঙ্গীতের ধারায় ব্রহ্মসঙ্গীত পরিবেশন করতো। দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ, গগনেন্দ্রনাথ, জ্যোতিরিন্দ্রনাথ, প্রত্যেকেই ব্রহ্মসঙ্গীত রচনা করেছিলেন। শিশু রবীন্দ্রনাথও এই কাজ থেকে নিজেকে বাদ দেননি। দাদাদের এবং শিক্ষকদের দ্বারা প্রভাবিত হয়ে তিনি শৈশব থেকেই ব্রহ্মসঙ্গীত রচনা করতে শুরু করেছিলেন।

রবীন্দ্রনাথের বাল্যজীবনের শিক্ষকগণ ছিলেন বিষ্ণুপুরী সঙ্গীতধারার ধারক ও বাহক। ঠাকুর বাড়ীর বিভিন্ন উৎসবের সঙ্গীত আসরে দেশের বিভিন্ন স্থানের ওস্তাদদের আগমন ঘটলেও, বিষ্ণুপুরী ওস্তাদদের সংখ্যাই অপেক্ষাকৃত বেশী থাকতো। তাই রবীন্দ্রনাথের সঙ্গীত রচনায় বিষ্ণুপুরের ঘরাণাই প্রাধান্য পেয়েছে।

হিন্দুস্থানী সঙ্গীতের মধ্যে ধ্রুপদ সঙ্গীতকে রবীন্দ্রনাথ বিশেষভাবে গ্রহণ করেছিলেন। তিনি সঙ্গীত রচনায় ধ্রুপদের ৪টি অংশ—স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ-কে বজায় রেখেছিলেন। প্রথম জীবনে রবীন্দ্রনাথ মূল ধ্রুপদ গানকে অনুসরণ করে, তাল ও রাগের পরিবর্তন না করে বহু ধ্রুপদাঙ্গের গান রচনা করেছিলেন। যেমন—

| মূল গান | রবীন্দ্র সঙ্গীত | রাগ | তাল |
|---|---|---|---|
| 'ইয়া জগ ঝুট....।" | "আমারে করো জীবন দান....।" | শঙ্করা | চৌতাল |
| "ফুলি ঘন মম মোর...।" | "আজি মম মন চাহে.....।" | বাহার | |
| "এরি অব আনন্দ...।" | "দাড়াও মন অনন্ত....।" | ভীমপলশ্রী | সুরফাঁক তাল |

ইত্যাদি গান উল্লেখযোগ্য। ধ্রুপদ গানকে তিনি কতখানি গ্রহণ করেছিলেন তার প্রমাণ তাঁর উক্তিতে—

"আমরা বাল্যকালে ধ্রুপদ গান শুনতে অভ্যস্ত, তার আভিজাত্য বৃহৎ সীমার মধ্যে আপন মর্যাদা রক্ষা করে। এই ধ্রুপদ গানে আমি দুটি জিনিস পেয়েছি—

একদিকে তার বিপুল গভীরতা ; আর একদিকে তার আত্মদমন, সুসংগতির মধ্যে আপন ওজন রক্ষা করে।"

হিন্দুস্থানী ধামার গানকে অনুসরণ করে রবীন্দ্রনাথ অনেক বাংলা গান রচনা করেছিলেন। ধামার তালে নিবদ্ধ মূলগানগুলি রবীন্দ্রচিন্তায় রূপান্তরিত হয়েছিল। যেমন—

| মূল গান | রবীন্দ্র সঙ্গীত | রাগ | তাল |
|---|---|---|---|
| "আজু রঙ্গ খেল...।" | "জাগে নাথ জোছনা রাতে...।" | বেহাগ | ধামার |
| "মৈ তো না জাউ. ।" | "অমৃতের সাগরে. .।" | কামোদ | " |
| "আজ ব্রজমে.....।" | "এত আনন্দধ্বনি ।" | বাহার | " |

হিন্দুস্থানী সঙ্গীতের ধ্রুপদ-ধামার গান রবীন্দ্র-সৃষ্টিতে বিশেষ প্রাধান্য পেলেও, খেয়াল গানও অবহেলিত ছিল না। রবীন্দ্রনাথ বিভিন্ন খেয়াল গানকে ভেঙ্গে খেয়ালাঙ্গের বাংলা গান রচনা করেছেন। তবে হিন্দুস্থানী খেয়ালের তান, বোলতান, বিস্তার সব কিছুই তিনি সযত্নে বর্জন করেছেন। খেয়ালী ঢঙে বাংলাগান তাঁর অনবদ্য সৃষ্টি। যেমন—

| মূল গান | ববীন্দ্র সঙ্গীত | রাগ | তাল |
|---|---|---|---|
| 'সুন্দর লাগোরী হৈ....।' | "মন্দিরে মম কে. .।" | আড়ানা | একতাল |
| 'রিমঝিম রিমঝিম....।" | "রিমঝিম ঘন ঘনরে . .।' | মল্লার | ত্রিতাল |

প্রভৃতি গানে শুধুমাত্র রাগ-রাগিণীরই প্রাধান্য নয়, রসাত্মক বাক্যের গুরুত্বপূর্ণ ভূমিকাও রয়েছে। কথার ভাব, সুরের মধ্যে রাগের রূপ, ধ্বনি, ছন্দ, সব কিছুকে রবীন্দ্রনাথ একই সূত্রে বেঁধেছেন।

শুধুমাত্র হিন্দুস্থানী সঙ্গীতকে অনুসরণ করেই তাঁর রচনা সীমাবদ্ধ থাকেনি। নিজের সৃষ্টিতে তিনি সুন্দর ও শাশ্বত রূপের প্রকাশ ঘটিয়েছেন। এই গানগুলির মধ্যে হিন্দুস্থানী গানের বলিষ্ঠ অনুপ্রেরণার পরিচয় পাওয়া যায়। যেমন—

অঙ্গরূপে গ্রহণ করে বলতে পেরেছেন, ''লোকসাহিত্যের এমন অপূর্বতা আর কোথাও পাওয়া যায় বলে বিশ্বাস করিনে।'' বাউলাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলির মধ্য দিয়ে বাঙালীর অন্তরের ব্যাকুলতার সুর বাংলাদেশকে প্লাবিত করে বিশ্বের দরবারে প্রবেশ করেছে।

**রবীন্দ্রসঙ্গীতে কীর্তন গানের প্রভাব** :

কীর্তন গানের মধ্য দিয়ে বাঙালীর অসাধারণ প্রতিভার বিকাশ ঘটেছিল। বাংলার কীর্তন গানের প্রবর্তক ছিলেন শ্রীচৈতন্যমহাপ্রভু। কবি জয়দেব থেকে শুরু করে বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস প্রভৃতি রচয়িতাদের পদাবলী বাংলার অমূল্য সম্পদ বলে পরিগণিত হয়েছে।

বাল্যকাল থেকেই রবীন্দ্রনাথ বৈষ্ণব পদাবলীর উৎসাহী পাঠক ছিলেন। বৈষ্ণব রচয়িতাদের রচনায় প্রভাবিত হয়ে রবীন্দ্রনাথ ''ভানুসিংহ'' ছদ্মনামে রচনা করেছিলেন ''ভানুসিংহের পদাবলী''-র গানগুলি। যেমন—

| রবান্দ্র রচনা | মূল রচনা |
|---|---|
| 'গহন কুসুম কুঞ্জ মাঝে .....।' | ''শরদ চন্দ পবন মন্দ......।''<br>রচয়িতা গোবিন্দদাস |
| ''সমিতির রজনী, সচকিত সজনী. | নাম সমেতং কৃতসঙ্কেতং.....।''<br>রচয়িতা জয়দেব |

প্রভৃতি গানগুলি উল্লেখযোগ্য।

ভানুসিংহের পদাবলী ছাড়াও রবীন্দ্রনাথ কীর্তনাঙ্গের অনেক গান রচনা করেছিলেন। কীর্তন গানের অন্যতম বৈশিষ্ট্য আঁখরকে রবীন্দ্রনাথ তাঁর রচনায় স্থান দিয়ে, গানগুলিকে সম্পূর্ণ কীর্তন গানের মর্যাদায় প্রতিষ্ঠিত করেছিলেন। যেমন—

"ওহে জীবন বল্লভ, সাধন দুর্লভ.......।" এই গানটির আঁখর—

"দিনু চরণ তলে

কথা যা ছিল দিনু চরণতলে।"

তবে, আঁখরবিহীন গানই রবীন্দ্রনাথ অপেক্ষাকৃত বেশী রচনা করেছিলেন। যেমন—

"আমার মল্লিকা বনে ....।"

"যা হারিয়ে যায়......।"

"পাখি বলে চাঁপা.....।" প্রভৃতি গানগুলি কীর্তন গানের প্রতি রবীন্দ্রনাথের অনুরাগের কথাই স্মরণ করায়। কীর্তনগানের মধ্যে তিনি নিবিড় ও গভীর নাট্যশক্তিকে উপলব্ধি করেছিলেন। এই শক্তি অন্য কোন সঙ্গীতে এত সহজভাবে আছে বলে তিনি মনে করতেন না। বাংলার ঐতিহ্যে রবীন্দ্রনাথ গভীরভাবে আকৃষ্ট হয়েছিলেন বলেই, তাঁর কীর্তনাঙ্গের গানগুলিতে শুধুমাত্র, প্রেমে আকুল ব্যক্তির কান্না নয়, বিশ্বজগতের ক্রন্দনধ্বনি ধ্বনিত হয়ে উঠেছে।

# দ্বিতীয় অধ্যায়

## অলঙ্কার সাধন

### শুদ্ধস্বর

১. সা রে গ ম প ধ নি সাঁ,
সাঁ নি ধ প ম গ রে সা।

২. সারে সা, রেগ রে, গম গ, মপ ম, পধ প, ধনি ধ, নিসাঁ নি, সাঁরেঁ সাঁ,
সাঁনি সাঁ, নিধ নি, ধপ ধ, পম প, মগ ম, গরে গ, রে সা রে, সানি সা।

৩. সাগ গসা, রেম মরে, গপ পগ, মধ ধম, পনি নিপ, ধসাঁ সাঁধ, রেঁ নি নিরেঁ, সাঁধ ধসাঁ,
নিপ পনি, ধম মধ, পগ গপ, মরে রেম, গসা সাগ, রেনি নিরে, সাধ ধরে, সাধ ধমা।

৪. সারেগ, রেগম, গমপ, মপধ, পধনি ধনিসা সানিধা নিধপ, ধমপ, পমগ, মগরে, গরেসা।

৫. সারেগ সাগ, রেগম রেম, গমপ গম, মপধ মধ, পধনি পনি, ধনিসাঁ ধসাঁ, সাঁনিধ ধসাঁ, নিধপ পনি, ধমপ মধ, পমগ গপ, মগরে রেম, গরেসা সাগ।

৬. সারেগম, রেগমপ, গমপধ, মপধনি, পধনিসাঁ, সাঁনিধপ, নিধপম, ধপমগ, পমগরে মগরেসা।

৭. সারেগ সারেগম, রেগম রেগমপ, গমপ গমপধ, মপধ মপধনি, পধনি পধনিসাঁ,

পধনির্সা পধনি, মপধনি মপধ, গমপধ গমপ, রেগমপ রেগম, সারেগম সারেগ।

৮. সাসানি়, গগরে, মম গ, পপ ম, ধধ প, নিনি ধ, র্সার্সা নি, র্রের্রে র্সা, র্সার্রের্রে, নির্সার্সা, ধনিনি, পধধ, মপপ, গমম রেগগ, সারেরে, নি় সা সা।

৯. গ রে সা, ম গ রে, পম গ, ধ প ম, নিধপ, র্সা নি ধ, র্রে র্সা নি, র্গর্রে সা। র্সার্রে র্গ, নির্সা র্রে, ধনি সা, পধ নি, মপ ধ, গম প, রেগ ম, সারে গ, নি়সা রে, ধ়নি় সা।

১০. সা রে গ ম প ধ নি র্সা, নি ধ প ম গ রে সা।
সা রে গ ম প ধ নি, ধ প ম গ রে সা।
সা রে গ ম প ধ, প ম গ রে সা।
সা রে গ ম প, ম গ রে সা।
সা রে গ ম, গ রে সা।
সা রে গ, রে সা।
সা রে, সা।

১১. সারেসা, সারেগরেসা।
সারে গম গরে সা।
সারে গম পম গরে সা।
সারে গম পধপম গরে সা।
সারে গম পধনিধ পমগরেসা।
সারে গম পধ নির্সা নিধ প ম গ রে সা।
সা, র্সা নি র্সা র্সানি ধ নি র্সা।
র্সা নি ধ প ম প ধ নি র্সা।
র্সা নি ধ প ম গ ম প ধ নি র্সা।
র্সা নিধ প ম গ রে গ ম প ধ নি র্সা।
র্সা নি ধ প ম গ রে সা রে গ ম প ধ নি র্সা।

১২. ক. সা রেঁ সা। খ. সাঁ নি সাঁ।
সা গ সা। সাঁ ধ সাঁ।
সা ম সা। সাঁ প সাঁ।
সা প সা। সাঁ ম সাঁ।
সা ধ সা। সাঁ গ সাঁ।
সা নি সা। সাঁ রে সাঁ।
সা সাঁ সা। সাঁ সা সাঁ।

## বিকৃত স্বর

পূর্বে উল্লিখিত স্বরগমগুলি প্রত্যেকটির সঙ্গে কোমল এবং কড়ি স্বর যুক্ত করলে বিকৃত স্বরের অলঙ্কার হবে। যেমন—

১. ক. সা রে্ গ ম প ধ নি সাঁ (রে কোমল)।
সাঁ নি ধ প ম গ রে্ সা।
খ. সা রে গ্ ম প ধ নি সাঁ (গ কোমল)।
সাঁ নি ধ প ম গ্ রে সা।

অথবা

১. সা রে্ গ্ ম´ প ধ্ নি্ সাঁ (কোমল ও কড়ি স্বর যুক্ত)।
সাঁ নি্ ধ্ প ম গ্ রে্ সা।

# স্বরলিপি পরিচয়

## দণ্ডমাত্রিক স্বরলিপি পদ্ধতি

স্বরের উপরে দণ্ড চিহ্ন দ্বারা মাত্রা বুঝান হয়। যেমন,

১ মাত্রা = রে´, ২ মাত্রা = প´´ ইত্যাদি।

শুদ্ধ স্বর সা, র, গ, ম প, ধ নি।

স্বরের উপরে ত্রিকোণ চিহ্ন দ্বারা বিকৃত স্বর বুঝান হয়। যেমন,

র়ি গ়ি ধ়ি ন়ি।

তীব্র বা কড়ি স্বর বুঝাতে চিহ্ন ^ ব্যবহৃত হয়। যেমন, ম়ি।

সম বুঝাতে ১ চিহ্ন দেওয়া হয়।

ফাঁক বুঝাতে ০ চিহ্ন দেওয়া হয়।

তালের বিভাগ। চিহ্ন দ্বারা করা হয়।

উদারা সপ্তকের স্বর বুঝাতে স্বরের মাথায় ১ বা স্বরের নীচে হসন্ত বসানো হয়। যেমন,

১
ম অথবা ম্।

তারা সপ্তকের স্বরে, মাথায় রেফ্ বা ৩ চিহ্ন দেওয়া হয়। যেমন, র্প অথবা ৩প।

কণ্ স্বর বুঝাতে প্রধান স্বরের উপর ছোট করে স্বরটি লেখা হয়। যেমন,

গ
র

মীড় চিহ্ন = ⌣

এই স্বরলিপি পদ্ধতিটির রচয়িতা ছিলেন ক্ষেত্রমোহন গোস্বামী।

## ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রাকৃত বা শুদ্ধস্বর | = | সা | রে | গ | ম | ধ | নি | |
| বিকৃত বা কোমলস্বর | = | রে় | গ় | ধ় | নি় | | | |
| তীব্র বা কড়িস্বর | = | ম়। | | | | | | |
| উদারা বা মন্দ্র সপ্তক | = | নি় | ধ় | প় | ম় | গ় | রে় | সা়। |
| মুদারা বা মধ্যসপ্তক | = | সা | রে | গ | ম | প | ধ | নি। |
| তারা বা উচ্চ সপ্তক | = | সাঁ | রেঁ | গঁ | মঁ | পঁ | ধঁ | নিঁ। |

১ মাত্রায় ২টি, ৩টি, ৪টি, ইত্যাদি স্বর-সারে, সারেগ, সারেগম, ইত্যাদি।

অবগ্রহ বুঝাতে কথার স্থানে S চিহ্ন এবং স্বরের স্থানে—চিহ্ন দেওয়া হয়। যেমন,

গ - - -

খ র S S

স্পর্শ স্বর বা কণ্ স্বর বুঝাতে স্বরের উপর ছোট অক্ষরের স্বর লিখতে হয়।

যেমন, ধ (ধ-এর উপরে প)।

সম চিহ্ন = X, ফাঁক চিহ্ন = O

এই স্বরলিপি পদ্ধতিটির রচয়িতা পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে।

## আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতি

| | | |
|---|---|---|
| উদারা বা খাদ সপ্তক | = | ন্ ধ্‌া প্‌া ম্‌া গ্‌া র্‌া স্‌া। |
| মুদারা বা মধ্য সপ্তক | = | সা, রা, গা, মা, পা, ধা, না। |
| তারা বা উচু সপ্তক | = | র্সা, র্রা, র্গা, র্মা, পা, র্ধা র্না। |
| বিকৃত বা কোমল স্বর | = | ঋা (কোমল ঋষভ, জ্ঞা (কোমল গান্ধার) দা (কোমল ধৈবত), ণা (কোমল নিষাদ) |
| তীব্র বা কড়ি স্বর | = | ক্ষা (কড়ি মধ্যম)। |

প্রতি তুক-এর শেষে II চিহ্ন দিতে হয়।

স্বরের পুনরাবৃত্তির সময় বাদ বুঝাতে ( ) চিহ্ন দেওয়া হয়।

যেমন, | পা । (গা) |

১ মাত্রায় ২, ৩টি স্বর বুঝাতে শুধুমাত্র শেষ স্বরটিতে আকার দিতে হয়। যেমন, | গমপধা । ণা |

সম্-এর চিহ্ন = ১´।

অবগ্রহ বুঝাতে স্বরের স্থানে । চিহ্ন এবং কথার স্থানে ০ চিহ্ন দেওয়া হয়। যেমন, পা । । ।

চ ০ ০ র

মীড় চিহ্ন ⌣ যেমন, | মা পা জ্ঞা |

এই স্বরলিপি পদ্ধতিটির রচয়িতা জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

# হিন্দুস্থানী সঙ্গীতের স্বরলিপি

**রাগ-বিহাগ । তাল-ত্রিতাল (মধ্যলয়)**

স্থায়ী — সব সখিয়াঁ চালো প্রভুকে দরসন।
ধন ধন ভাগ সুফল হোত নয়ন।।

অন্তরা — সোলা সিন্‌গার সজো অতি সুলছন।
কুসুম সুগন্‌ধিত হর রঙ্গ সুবসন।
গিরিধর প্রভুকে চরণন অরপন।
আজ করো অপনো তনমন ধন।।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ম | | | রে | | | | | | |
| প | প | গ | ম | গ | সা | — | নি̣ | প̣ | প̣ | নি̣ | — |
| স | ব | স | খি | য়াঁ | চা | S | লো | প্র | ভু | কে | S |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| | | ম | |
| সা | সা | গ | গ |
| দ | র | স | ন |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | | | | | | ধপ | | | | ম | |
| গ | ম | প | নি | সা | নি | ম | প | প | প | গ | — |
| ধ | ন | ধ | ন | ভা | S | গ | সু | ফ | ল | হো | S |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| ম | (গরে) | নি̣ | সা |
| ত | (নS) | য় | ন |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প | — | প | নি | নি | — | নি | র্সা | র্সা | — | র্সা | র্সা |
| সো | ঽ | লা | সিন্ | গা | ঽ | র | স | জো | ঽ | অ্ | তি |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| র্সা | র্রে | র্সা | র্সা |
| সু | ল | ছ | ন |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ধ | | ধ | | | | |
| র্সা | র্সা | র্সা | র্সা | নি | — | প | প | প | প | নি | নি |
| কু | সু | ম | সু | গন্ | ঽ | ধি | ত | হ | র | র | ঙ্গ |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| র্সা | নিধ | ম॑ | প |
| সু | বঽ | স | ন |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | র্রের্সা | |
| গ | ম | গ | ম | প | প | নি | — | র্সা | র্গ | নি | র্সা |
| গি | রি | ধ | র | প্র | ভু | কে | ঽ | চ | র | ণ | ন |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| নি | নি | ম॑ | প |
| অ | র | প | ন |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ধ | | | | | |
| প | নি | র্সা | র্রে | র্সা | নি | প | প | প | — | ম | গ |
| আ | ঽ | জ | ক | রো | ঽ | অ | প | নো | ঽ | ত | ন |
| ০ | | | | ৩ | | | | X | | | |

ম গরে নি সা
ম নS ধ ন
২

## রাগ-কেদার। তাল-একতাল (বিলম্বিত)

স্থায়ী — মোর বোলে রে সাবন কী রুত বন বন ডার ডার।

অন্তরা — আজ পিয়া ঘর আয়ে মোরে সজনী লে হুঁ বলৈয়া বারবার

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | | | | | | | | র্ম | ধ | | |
| ম | মগ | প | প | ধ | — | প | — | প | প | ম | — |
| মো | SS | S | র | বো | S | লে | S | S | S | রে | S |
| ৩ | | ৪ | | X | | ০ | | ২ | | ০ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নি | | | | | | | |
| প | (প) | ম | রে | সা | রে | সা | নিসা | সা | সানি | রেরে | সা |
| সা | S | S | S | ব | S | ন | SS | কী | SS | Sরু | ত |
| ৩ | | ৪ | | X | | ০ | | ২ | | ০ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সা | ম | গপ | (প) | প | পগ | ম | রে | সা | সানি | রে | স |
| ব | ন | Sব | ন | ডা | SS | S | র | ডা | SS | S | র |
| ৩ | | ৪ | | X | | ০ | | ২ | | ০ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | | প | প | | | প | | নি | | | |
| পপ | পপ | ধম | ম,মগ | প | — | র্সা | র্সার্সা | র্সা | রেঁ | র্সা | নি |
| আজ | পিয়া | SS | ঘরS | আ | S | য়ে | মোরে | স | জ | নী | S |
| ৩ | | ৪ | | X | | ০ | | ২ | | ০ | |

| নি | | | | | | সাঁ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁ | মঁগ | মঁরেঁ | সাঁ | সাঁ | (সাঁ) | ধ | প | মপধনিসাঁ | রেঁ | সাঁনি | ধপ |
| লে | SS | SS | হুঁ | ব | লৈ | য়া | S | SSSSS | S | বাS | রবা |
| ৩ | | ৪ | | X | | ০ | | ২ | | ০ | |

| | |
|---|---|
| ধ | ম,মগ |
| S | র,S(মো) |
| ৩ | |

## রাগ-কোদার । তাল-ত্রিতাল (মধ্যলয়)

স্থায়ী — সোচ সমঝ মন মীত পিয়রবা
সদ্‌গুরু নাম করে সুমিরনবা।

অন্তরা — ঘরি ঘরি পল পল উমর ঘটত সব
আজ হুঁ চেতমতি মন্‌দ চতুরবা।

| নি | | সা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সা | রে | সা | প | প | প | ম' | প | ধ | — | প | প |
| সো | S | চ | স | ম | ঝ | ম | ন | মী | S | ত | পি |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| ম'পধ | ম'প | ম | — |
| য়SS | রS | বা | S |
| ২ | | | |

| গ | | | | প | | নি | | | | ম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | — | প | প | সাঁ | — | ধ | প | ম | — | ধ | প |
| স | S | দ্গু | রু | না | S | ম | ক | রে | S | সু | মি |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| গ | | | |
| ম | রে | সা | — |
| র | ন | বা | S |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম় | | | | | | | | সাঁ | নি | | |
| প | প | সাঁ | সাঁ | সাঁ | সাঁ | রেঁ | সাঁ | ধ | ধ | সাঁ | রেঁ |
| ঘ | রি | ঘ | রি | প | ল | প | ল | উ | ম | র | ঘ |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| সাঁ | নি | ধ | প |
| ট | ত | স | ব |
| ২ | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | | | প | সাঁ | | | | গ | | | |
| ম | ম | প | সাঁ | রেঁ | সাঁ | ধ | প | ম | — | ধ | প |
| অ | জ | হুঁ | চে | S | ত | ম | তি | মন্ | S | দ | চ |
| ০ | | | | ৩ | | | | X | | | |

| | | | |
|---|---|---|---|
| গ | | | |
| ম | রে | সা | — |
| তু | র | বা | S |
| ২ | | | |

## রাগ-ভূপালী । তাল-তেওড়া

স্থায়ী — প্রথম সুরকো সাধে, শুদ্ধ বিকরত সবহু দ্বাদশ।
গ্রাম মূর্ছন মেল দশবিধি, গুনিজন সুমত আদে।।

অন্তরা — খাডবৌডব সম্পূরনকে রাগ তত্ত্ব অগাধে।
গুরুবিনা নহি গ্যান কবহুঁন চতুর করতুয়াদে।।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ম | | | | | | | | | প | |
| গ | গ | রে | সা | রে | সা | — | ধ় | — | প় | ধ় | — |
| প্র | থ | ম | সু | র | কো | ঽ | সা | ঽ | ঽ | ধে | ঽ |
| X | | | ২ | | ৩ | | X | | | ২ | |

| | |
|---|---|
| — | — |
| ঽ | ঽ |
| ৩ | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধ় | | | | | | | প | | | গ | |
| সা | — | রে | গ | গ | গ | গ | গ | গ | প | রে | — |
| শু | ঽ | দ্ধ | বি | ক | র | ও | স | ব | হুঁ | দ্বা | ঽ |
| X | | | ২ | | ৩ | | X | | | ২ | |

| | |
|---|---|
| সা | সা |
| দ | শ |
| ৩ | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রে | | | | | | | সাঁ | | | | |
| সা | — | রে | গ | — | প | ধ | ধ | — | ধ | সাঁ | — |
| গ্রা | ঽ | ম | মূ | ঽ | র্ছ | ন | মে | ঽ | ল | দ | শ |
| X | | | ২ | | ৩ | | X | | | ২ | |

| | |
|---|---|
| রেঁ | সাঁ |
| বি | ধি |
| ৩ | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধ | সাঁ | | | | | | ধ | ধ | | | |
| সাঁ | গঁ | রেঁ | সাঁ | রেঁ | সাঁ | পধ | সাঁ | সাঁ | ধ | প | গ |
| শু | নি | জ | ন | সু | ম | তঽ | আ | ঽ | ঽ | ঽ | ঽ |
| X | | | ২ | | ৩ | | X | | | ২ | |

| | |
|---|---|
| রে | — |
| দে | S |
| ৩ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প | | | | | | | ধ | | | | |
| গ | — | গ | প | — | ধ | ধ | সাঁ | ধ | ধ | সাঁ | সাঁ |
| খা | S | ড | বৌ | S | ড | ব | সম্ | S | পূ | র | ন |
| X | | | ২ | | ৩ | | X | | | ২ | |

| | |
|---|---|
| সাঁ | — |
| কে | S |
| ৩ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁ | | | | | | | ধ | | | | |
| ধা | — | ধ | সাঁ | — | রেঁ | রেঁ | সাঁ | রেঁ | — | সাঁ | — |
| রা | S | গ | ত | S | ত্ব | অ | গা | S | S | ধে | S |
| X | | | ২ | | ৩ | | X | | | ২ | |

| | |
|---|---|
| ধ | — |
| S | S |
| ৩ | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | গ | | | ধ় | |
| প | প | গ | গ | — | ধ | প | রে | — | রে | সা | রে |
